আপোষহীন মর্দে মুজাহিদ
মাওলানা মুহাম্মাদ মাসউদ আযহার -এর
বিপ্লবী জীবন ও জিহাদী ভাষণের অনন্য সংকলন

জীবন ও জিহাদ

মুফতী আবদুল্লাহ মাসউদ

আমীরুল মুজাহিদীন মাওলানা মুহাম্মাদ মাসউদ আযহারের
সংগ্রামী জীবন ও জিহাদী ভাষণের অনন্য সংকলন

জীবন ও জিহাদ

মূল

মুফতী আবদুল্লাহ মাসউদ

মুফতী ও মুহাদ্দিস ঃ জামি'আ হাক্কানিয়া
করাচী, পাকিস্তান

রূপান্তর

মাওলানা এম, এ, আবু মাসউদ

গ্রন্থকার, অনুবাদক, সম্পাদক

পরিবেশক

মাকতাবাতুল আসরাফ

(অভিজাত মুদ্রণ ও প্রকাশনা প্রতিষ্ঠান)
পাঠকবন্ধু মার্কেট (আন্ডার গ্রাউন্ড)
৫০, বাংলাবাজার, ঢাকা-১১০০

আমীরুল মুজাহিদীন মাওলানা মুহাম্মাদ মাসউদ আযহারের
সংগ্রামী জীবন ও জিহাদী ভাষণের অনন্য সংকলন

জীবন ও জিহাদ

মূল ঃ মুফতী আবদুল্লাহ মাসউদ
অনুবাদ ঃ মাওলানা এম, এ, আবু মাসউদ

প্রকাশক
আবূ আব্দিল কাদীর
মুমতায লাইব্রেরী
ঢাকা, বাংলাদেশ

পরিবেশক
মাকতাবাতুল আশরাফ
(অভিজাত মুদ্রণ ও প্রকাশনা প্রতিষ্ঠান)
পাঠকবন্ধু মার্কেট (আন্ডার গ্রাউন্ড)
৫০, বাংলাবাজার, ঢাকা-১১০০
ফোন ঃ ৭১৬৪৫২৭, ০১১-৮৩৭৩০৮

প্রকাশকাল
রবিউল আউয়াল ১৪২৫ হিজরী
এপ্রিল ২০০৪ ঈসায়ী

[সর্বস্বত্ব সংরক্ষিত]

প্রচ্ছদ ঃ ইবনে মুমতায
গ্রাফিক্স ঃ সাইদুর রহমান
আল-আশরাফ কম্পিউটার্স, ঢাকা

মূল্য ঃ সত্তর টাকা মাত্র

Mawlana Masud Azhar's
JIBON O JIHAD
By : Muftee Abdullah Masud
Translated by Mawlana M.A. Abu Masud
Price Tk. 70.00 US $ 4.00 only

অ র্প ণ

দিকে দিকে পূনঃ ইসলামের বিজয়কেতন উড্ডিন করতে যারা অহর্নিশ ব্যস্ত রয়েছেন, বিশ্বের বিভিন্ন জনপদে মজলুমানদের কলজে ছেচাঁ চিৎকার থামাতে যারা পাড়ি দিচ্ছেন রক্ত পিচ্ছিল পথ প্রান্তর সাগর বন্দর, আরাম-আয়েশ আর ভোগ-বিলাস ত্যাগ করে যারা পাহাড় পর্বত বন-জঙ্গল আর গিরিগুহাকে বানিয়েছেন নিজ আবাস স্থল।

সেই সব সাহসী মর্দে মুজাহিদদের পবিত্র হাতে

- আবূ মাসঊদ

প্রকাশকের কথা

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

মাওলানা মুহাম্মদ মাসউদ আযহার (দাঃ বাঃ) এ যুগের আযাদী প্রিয় মুসলিম নওজোয়ানদের আদর্শ। তাঁর নির্ভিক জিহাদী কর্মকান্ড, অনলবর্ষী বক্তৃতা, ও আশা জাগানিয়া কলম ঘনান্ধকারাচ্ছন্ন বিপুল হতাশার মাঝেও তরুন মুসলিম মানসকে আলোড়িত করে, উৎসাহিত করে নিয়ম নামের অনিয়মকে ভেঙ্গে চুড়ে খান খান করে দিয়ে, নতুন দিনের সুপ্রভাত ফিরিয়ে আনার।

যিনি জিহাদের দাওয়াত নিয়ে ঘুমন্ত মুসলিম বিশ্বকে জাগ্রত করার জন্য পৃথিবীর বিভিন্ন দেশ সফর করছেন। বিভিন্ন রনাঙ্গণে অস্ত্র হাতে ঝাপিয়ে পড়েছেন খোদাদ্রোহী ইসলামের শত্রুদের উপর এবং এক্ষেত্রেও তিনি বীরত্বের স্বাক্ষর রেখেছেন সার্থকভাবে। اسیر ھند (হিন্দুস্তানের বন্দী) মাওলানা মাসউদ আযহার ছাহেব (দাঃ বাঃ) দীর্ঘ ছয় বৎসরকাল হিন্দুস্তানের বিভিন্ন নির্যাতন কেন্দ্র ও জেলখানায় অমানবিক নির্যাতনের শিকার হয়ে, সাহাবায়ে কেরামের ও আকাবিরে উম্মাতের আদর্শকেই শুধু সমুজ্জল করেছেন তা নয় বরং তিনি ধৈর্যের পাহাড় হয়ে এ কথা দুনিয়ার সমস্ত কাফের সম্প্রদায়কে জানিয়ে দিয়েছেন যে, আল্লাহর বান্দার মাথা শুধুমাত্র আল্লাহর সামনেই নত হবে, শত নির্যাতন করলেও এ মাথা অন্য কারো সামনে সামান্যও অবনত হবে না।

বঞ্চনা আর হতাশায় যখন সমগ্র জগত ছেয়ে গেছে, মুসলমানও যখন কিছুটা হলেও হতাশায় নিমজ্জিত, ঠিক তখনি বিমান ছিনতাই-এর মাধ্যমে

মাওলানা মুহাম্মাদ মাসঊদ আযহারের মুক্তি লাভের বিরল বিস্ময়কর ঘটনায় সমগ্র দুনিয়ার মুসলমানদের মাঝে বিশেষ করে যুগ সচেতন মুসলিম তরুণ সম্প্রদায়ের হৃদয়ে আনন্দের বন্যা বয়ে যায় এবং পরের দিনের ঈদও উদযাপিত হয় কানায় কানায় আনন্দে ভরা। আর সে সময় থেকেই আমাদের দেশের যুব সমাজের হৃদয়ের গভীরে মাওলানা মাসঊদ আযহার একটি শ্রদ্ধার আসন করে নেন এবং অনেকেই ব্যাকুল হয়ে তার জীবন সম্পর্কে জানতে চান।

আমিও সে সকল আযাদী প্রিয় যুব মানসের চাহিদা পূরনের জন্য মাসঊদ আযাহারের জিবনী সম্পর্কে খোঁজ করতে থাকি। এরই মধ্যে এক বন্ধু اسير هند। (হিন্দুস্তানের বন্দী) নামক অপূর্ব একটি কিতাব পাকিস্তান থেকে আমার জন্য পাঠান। "জীবন ও জিহাদ" মূলত এরই বাংলা রূপান্তর। রূপান্তরের এ কাজটি সুচারুরূপে সম্পাদন করেছেন, প্রতিষ্ঠিত লেখক ও অনুবাদক জনাব মাওলানা এম, এ, আবূ মাসঊদ।

আমরা বইটি সুন্দর সাবলীল ও ত্রুটিমুক্ত করার চেষ্টা করেছি, তারপরও যদি কারো দৃষ্টিতে কোন অসঙ্গতি ধরা পড়ে তাহলে আমাদেরকে জানালে আমরা পরবর্তী সংস্করণে শুধরে দিবো ইনশাআল্লাহ!

বইটি পাঠ করে যদি কারো অন্তরে উম্মতে মুসলিমাহ্‌র জন্য দরদ পয়দা হয় এবং জিহাদের বাহ্যত কঠিন পথে পা রেখে শহীদানের অমর কাফেলায় শরীক হওয়ার আকাংখা জাগ্রত হয়, তাহলেই আমরা আমাদের শ্রম সার্থক মনে করবো।

ইয়া আল্লাহ্! তুমি আমাদের সহায় হও, আমাদেরকে সাহস দাও, আমাদের দৃষ্টিকে খুলে দাও, তোমার দ্বীনের জন্য আমাদেরকে কবুল কর। আমীন।

ইয়া রাব্বাশ শুহাদায়ে ওয়ালমুজাহিদীন।

বিনীত

তারিখ ঃ ২০/০৪/০৪ ঈসায়ী

আবূ আব্দিল কাদীর

পূর্ব কথা

نَحْمَدُهٗ وَنُصَلِّى عَلٰى رَسُوْلِهِ الْكَرِيْمِ

জিহাদ ইসলামের অন্যতম মৌলিক বিধান। হাদীস শরীফের ভাষ্যমতে জিহাদ কিয়ামত পর্যন্ত অব্যাহত থাকবে। ইসলামী বিধানে জিহাদ করা ফরয, জিহাদ ইসলামের একেবারে সূচনাতে ফরয না থাকলেও পরবর্তীতে সময় ও পরিস্থিতির প্রেক্ষাপটে স্থায়ীভাবে পর্যায়ক্রমে জিহাদ ফরয করে দেয়া হয়েছে।

প্রথমতঃ শুধু আক্রান্ত হলেই তার জবাবে প্রতিরোধমূলক জিহাদের বিধান দেয়া হয়েছিলো। ইরশাদ হচ্ছে ঃ

اُذِنَ لِلَّذِيْنَ يُقٰتَلُوْنَ بِاَنَّهُمْ ظُلِمُوْا ، وَاِنَّ اللّٰهَ عَلٰى نَصْرِهِمْ لَقَدِيْرٌ

তাদেরকে যুদ্ধের অনুমতি দেয়া হলো, যারা আক্রান্ত হয়েছে, কারণ তারা অত্যাচারিত হয়েছে, নিশ্চয়ই আল্লাহ তাআ'লা তাদেরকে সাহায্য করতে সক্ষম। (সূরা হজ্ব-৩৯)

অতঃপর পর্যায়ক্রমে জিহাদের যে চূড়ান্ত বিধানটি আল্লাহপাক মুসলিম উম্মাহর প্রতি আরোপ করেছেন, তাতে ইসলাম বিদ্বেষী অপশক্তির বিরুদ্ধে চূড়ান্ত পর্যায়ের সর্বাত্মক জিহাদ চালিয়ে যাওয়ার নির্দেশ রয়েছে। পবিত্র কুরআনে ইরশাদ হচ্ছে ঃ

وَقَاتِلُوا الْمُشْرِكِيْنَ كَآفَّةً كَمَا يُقَاتِلُوْنَكُمْ كَآفَّةً

"তোমরা মুশরিকদের বিরুদ্ধে সর্বাত্মকভাবে যুদ্ধ করবে যেভাবে তারা তোমাদের বিরুদ্ধে সর্বাত্মক ভাবে যুদ্ধ করে থাকে। (সূরা তাওবা-৩৬)

অন্যত্র পবিত্র কুরআনে ইরশাদ হয়েছে ঃ

وَقٰتِلُوْهُمْ حَتّٰى لَاتَكُوْنَ فِتْنَةٌ وَّيَكُوْنَ الدِّيْنُ لِلّٰهِ

তোমরা তাদের বিরুদ্ধে যুদ্ধ চালিয়ে যেতে থাকবে যতক্ষণ না ফিৎনা দূরীভূত হয় এবং যে যাবত না আল্লাহর দ্বীন প্রতিষ্ঠিত হয়। (সূরা-আল-বাকারা-১৯৩)

শুধু তাই নয় বরং জিহাদের প্রস্তুতি গ্রহণের প্রতি নির্দেশ দিয়ে মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন ঃ

وَاَعِدُّوْا لَهُمْ مَّااسْتَطَعْتُمْ مِّنْ قُوَّةٍ وَّمِنْ رِّبَاطِ الْخَيْلِ
تُرْهِبُوْنَ بِهٖ عَدُوَّاللّٰهِ وَعَدُوَّكُمْ

তোমরা তাদের (ইসলামের দুশমনদের) সাথে যথাযথভাবে মুকাবিলা করার জন্য যথাসাধ্য শক্তি ও অশ্ববাহিনী প্রস্তুত করে রাখবে। যা দ্বারা তোমরা তোমাদের দুশমন ও আল্লাহর দুশমনদের ভীতসন্ত্রস্ত করবে।

(সূরা-আন ফাল-৬০)

জিহাদের পথে শুধু শক্তি ব্যয় নয় বরং অর্থও ব্যয় করার বিধান দিয়েছে ইসলাম। আল্লাহ পাকের দীনকে প্রসারিত করা ও দীনের অগ্রগতির পথে সৃষ্ট সকল প্রতিবন্ধকতাকে দূরীভূত করার জন্য নিজের জীবন, সম্পদ ও অর্থ ব্যয় করার নির্দেশ দিয়ে মহান আল্লাহ ইরশাদ করেন ঃ

اِنْفِرُوْا خِفَافًا وَّثِقَالًا وَّجَاهِدُوْا بِاَمْوَالِكُمْ وَاَنْفُسِكُمْ فِىْ
سَبِيْلِ اللّٰهِ، ذٰلِكُمْ خَيْرٌلَّكُمْ اِنْ كُنْتُمْ تَعْلَمُوْنَ

"তোমরা জিহাদে বেরিয়ে পড়ো সল্প বা প্রচুর সরঞ্জাম সহকারে এবং জিহাদ করো আল্লাহর পথে নিজেদের সম্পদ ও জীবন দিয়ে, এটি তোমাদের জন্য অতি উত্তম কাজ। যদি তোমরা অনুধাবন করতে পারো। (সূরা-তাওবা-৪১)

জিহাদের বিধান দেয়ার সাথে সাথে ইসলামে মুজাহিদদের সুমহান মর্যাদার কথা যেমন বলা হয়েছে তেমনি বলে দেয়া হয়েছে জিহাদ পরিহার করার পরিণতির কথা। বিশিষ্ট সাহাবী হযরত আবু হুরাইরা (রাযিঃ) থেকে বর্ণিত হয়েছে, তিনি বর্ণনা করেন, প্রিয়নবী হযরত সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন, আল্লাহর পথে জিহাদরত ব্যক্তির উপমা ঐ ব্যক্তির ন্যায় যে ব্যক্তি বিরতিহীনভাবে রোযা রাখে এবং রাতভর নামায পড়ে এবং কুরআন তিলাওয়াতে লিপ্ত থাকে। যে কোনদিন রোযা কিংবা সালাত আদায়ের ক্ষেত্রে ত্রুটি করে না। দ্বীনের পথের মুজাহিদ গৃহে প্রত্যাবর্তনের পূর্ব পর্যন্ত এরূপ সাওয়াব লাভ করতে থাকবে। (বুখারী ও মুসলিম)

জিহাদ পরিহার করার পরিণতির কথা বর্ণনা করে পবিত্র কুরআনে মহান আল্লাহ ইরশাদ করেন ঃ

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا مَا لَكُمْ اِذَا قِيْلَ لَكُمُ انْفِرُوْا فِىْ سَبِيْلِ اللّٰهِ اثَّاقَلْتُمْ اِلَى الْاَرْضِ ط اَرَضِيْتُمْ بِالْحَيٰوةِ الدُّنْيَا مِنَ الْاٰخِرَةِ ج فَمَا مَتَاعُ الْحَيٰوةِ الدُّنْيَا فِى الْاٰخِرَةِ اِلَّا قَلِيْلٌ (٣٨) اِلَّا تَنْفِرُوْا يُعَذِّبْكُمْ عَذَابًا اَلِيْمًا وَّيَسْتَبْدِلْ قَوْمًا غَيْرَكُمْ وَلَا تَضُرُّوْهُ شَيْئًا ط وَاللّٰهُ عَلٰى كُلِّ شَىْءٍ قَدِيْرٌ (٣٩)

"হে ঈমানদারগণ! তোমাদের হলো কি ? যখন তোমাদেরকে আল্লাহর পথে বেরিয়ে পড়তে বলা হয় তখন তোমরা মাটি আঁকড়ে ধরো। তোমরা কি আখেরাতের তুলনায় দুনিয়ার জীবন নিয়ে পরিতুষ্ট হয়ে গেলে ? অথচ আখেরাতের তুলনায় দুনিয়ার জীবন নিতান্তই নগণ্য। মনে রেখো, তোমরা আল্লাহর পথে জিহাদে যদি বের না হও তাহলে আল্লাহ তোমাদের কঠোর শাস্তি দিবেন এবং অন্য এক জাতিকে তোমাদের স্থলাভিষিক্ত করে দিবেন। তোমরা তার কোনই ক্ষতি সাধন করতে পারবে না। আল্লাহ সকল বিষয়ে সর্বশক্তিমান।" (সূরা তাওবা-৩৮, ৩৯)

এভাবে পবিত্র কুরআনের অন্তত সাড়ে চারশত আয়াতে এবং হাদীস শরীফের অগণিত বর্ণনায় জিহাদের গুরুত্ব, ফযীলত ও এতদসংক্রান্ত বিভিন্ন বিধান পরিষ্কারভাবে বর্ণনা করে দেয়া হয়েছে। সাথে সাথে বর্ণনা করা হয়েছে মুজাহিদের মর্যাদা ও জিহাদ থেকে পশ্চাদপসরণ করার কঠোর শাস্তি ও পরিণতির কথা।

এ থেকে আমরা জিহাদের গুরুত্ব ও প্রয়োজনীয়তা উপলব্ধি করতে পারি। এ জিহাদী পথে যুগে যুগে অক্লান্ত ত্যাগ ও কুরবানী স্বীকার করেছেন অনেক মর্দে মুজাহিদ। অনেকে শামিল হয়েছেন শহীদানের নূরানী কাফেলায়।

ভীতু কাপুরুষ নয় বরং আল্লাহর পথে সিংহের ন্যায় সাহসী ভূমিকা রাখার জন্য জিহাদের ময়দানে একজন নির্ভীক মর্দে মুমিনের ভূমিকায় রণগর্জন হেকে ইসলামের মাহাত্ম্য ও অগ্রযাত্রা অব্যাহত রাখতেই আমাদের দুনিয়ায় প্রেরণ করা হয়েছে।

জিহাদের এ সুমহান জীবনকে যারা যথাযথভাবে আঁকড়ে ধরেছেন, যারা এ পথে নিজের সময় ও সামর্থ বিলীন করেছেন এবং যারা বর্তমান ও অনাগত ভবিষ্যৎ মুসলিম সন্তানদের জন্য জিহাদের আদর্শ ও মডেল হতে পারেন, নির্ভীক মর্দে মুজাহিদ, নির্যাতিত মযলূম সিপাহসালার হযরত মাওলানা মাসঊদ আযহার তাদেরই একজন।

শৈশবে যিনি লালন করতেন জিহাদী স্পৃহা, যৌবন থেকে শুরু করে আজ পর্যন্ত যিনি এক মুহূর্তের জন্যও এ নূরানী পথ থেকে সরে দাঁড়াননি, আহার নিদ্রার হিসেব না করেই যিনি দিবানিশি জিহাদী তৎপরতায় লিপ্ত আছেন, যিনি তার নিজ জন্মভূমি পাকিস্তানসহ গোটা মুসলিম উম্মাহর কানে জিহাদের ডাক পৌঁছে দিতে অহর্নিশ ব্যাপৃত। তারই সংক্ষিপ্ত জীবনচিত্র ও কিছু মূল্যবান ভাষণ দ্বারা তৈরি করা হয়েছে বর্তমান গ্রন্থ মর্দে মুমিন মাওলানা মাসঊদ আযহারের "জীবন ও জিহাদ"।

বর্তমান গ্রন্থটি প্রস্তুত করা হয়েছে মূলতঃ হযরত মাওলানা মুফতী আব্দুল্লাহ মাসউদ কর্তৃক উর্দূ ভাষায় রচিত "আসীরে হিন্দ" গ্রন্থের ছায়া অবলম্বনে। এ গ্রন্থের সকল তথ্যই সে গ্রন্থ থেকে নেয়া। তবে ক্ষেত্র বিশেষে সংযোজন বিয়োজন ও পরিমার্জনের বিষয়টি আমরা লক্ষ্য রেখেছি সযত্নে।

বর্তমান গ্রন্থের শুরুর দিকে মাওলানা মাসউদ আযহার সাহেবের জন্ম, শিক্ষা জীবন, জিহাদী জীবন ইত্যাদিসহ তার মোটামুটি সংক্ষিপ্ত জীবনী আলোচনা করা হয়েছে। আলোচনা করা হয়েছে তার বন্দী জীবনের লোমহর্ষক কাহিনী এবং দীনের জন্য তার অসাধারণ ত্যাগ ও কুরবানীর কথা,

এ গ্রন্থে আলোচিত হয়েছে মাওলানা মাসউদ আযহারের আনন্দময় ও বিস্ময়কর কারামুক্তির কথা। বিমান ছিনতাইয়ের মাধ্যমে গো-পূজারী ইন্ডিয়ান মালউন গোষ্ঠী কীভাবে তাঁকে মুক্তি দিতে বাধ্য হয় তার বিস্তারিত বিররণও এতে আলোচিত হয়েছে।

গ্রন্থের শেষের দিকে সংযুক্ত রয়েছে বিশিষ্ট বাগ্মী ও কলম-সৈনিক হযরত মাওলানা মাসউদ আযহারের কয়েকটি অতি মূল্যবান ভাষণ, যে ভাষণগুলো পড়লে বা শুনলে যাদের শরীরে প্রাণ আছে তাদের শিরায় শিরায় নাড়া দেয় জিহাদী স্প্রীট, নতুন করে জেগে উঠে মুমিন আত্মা জিহাদী জযবায়।

একজন মর্দে মুজাহিদের জীবন সম্পর্কে অবগতি লাভ, জিহাদের গুরুত্ব ও প্রয়োজনীয়তা অনুধাবন, সর্বপরি জিহাদী চেতনায় জাগ্রত হওয়ার দিক বিবেচনায় গ্রন্থটি যথেষ্ট গুরুত্বপূর্ণ ও অবশ্যপাঠ্য।

বর্তমান গ্রন্থটি রচনার এ খেদমতটুকু করার জন্য যারা আমাকে বিভিন্নভাবে সহায়তা করেছেন তাদের শুকরিয়া জানাই। বিশেষত যিনি মূল উর্দূ গ্রন্থটি আমার হাতে দিয়ে বারবার আগ্রহ প্রকাশ করে আমাকে দ্রুত কাজটি সমাধা করতে অনুপ্রাণিত করেছেন, আমি তার অকুণ্ঠ শুকরিয়া জ্ঞাপন করি।

গ্রন্থটি পাঠ করে মুসলিম মানসে যদি বিস্মৃত প্রায় জিহাদের ক্ষেত্রে খানিকটা সচেতনতা সৃষ্টি হয় তবেই আমার শ্রম সার্থক মনে করবো। খুবই সামান্য সময়ে রচিত এ গ্রন্থটির কোথাও কোন ধরনের অসামঞ্জস্যতা বা বিচ্যুতি পরিলক্ষিত হলে সম্মানিত পাঠকবৃন্দ আমাদের তা অবগত করবেন এ আশাবাদ ব্যক্ত করছি।

বিনয়াবনত

এম. এ আবু মাসউদ

সূচীপত্র

বিষয়	পৃষ্ঠা
মাওলানা মাসউদ আযহারের বিশাল ব্যক্তিত্ব	**১৫**
স্ব-শরীরে জিহাদে অংশ গ্রহণ	১৭
জীবন বিভিন্ন পর্যায়ে	১৮
প্রাথমিক শিক্ষা-দীক্ষা	১৯
বিন্‌নূরী টাউন জামি'আয় ভর্তি	২০
ইসলাহী বাই'আত	২১
অধ্যাপনা	২২
আফগানিস্তানের পথে মাওলান মাসউদ আযহার	২২
'সাদায়ে মুজাহিদ' মুজাহিদের ডাক নামে পত্রিকা প্রকাশ	২৪
রণাঙ্গনে আহত মাওলানা মাসউদ আযহার	২৫
বহির্বিশ্বে জিহাদী সফর	২৫
শ্রীনগরের বন্দীশালায়	২৭
বিপ্লবী কলম-সৈনিক মাওলানা মাসউদ আযহার	২৯
আমি একজন মুহাম্মাদ বিন কাসিম চাই!	**৩১**
ডাঃ শের আলীর দৃষ্টিতে মাওলানা মাসউদ আযহার	**৪০**
মাওলানা মাসউদ আযহারের ঈমানদীপ্ত বক্তৃতামালা	**৪৩**
মাওলানা মাসউদ আযহারের কাশ্মীর সফর	৪৭
মাওলানা মাসউদ আযহার ঃ অস্থির হৃদয়ের অগ্নিঝরা কলম	**৪৮**
মাওলানা মাসউদ আযহারের গ্রেফতারের পর পরিবারের সদস্যদের প্রতিক্রিয়া	**৫২**

পৈশাচিক বর্বরতা ঃ মাসউদ আযহারের কলমে ৬২
কারাগার ঃ ঈমানের অগ্নিপরীক্ষা ৬৪
যেভাবে বিমান ছিনতাই হলো ৬৭
মুজাহিদদের মুক্তি ও যিম্মীদের দেশে ফেরার দৃশ্য ৮০
সাংবাদিক সম্মেলনে মাওলানা মাসউদ আযহার ৮১
কারামুক্তির বিবরণ ঃ জম্মু থেকে কান্দাহার ৮৯
সে ছিলো এক মর্মস্পর্শী দৃশ্য ৯১
আমাকে একটি বিমানে উঠানো হলো ৯৩
বিমানের সামনের সীটে ছিলো যশোবন্ত সিন্‌হা ৯৫
মুক্তির পর মাওলানা মাসউদ আযহারের ঐতিহাসিক ভাষণ ১০২
যখন হিন্দুস্তানে গেলাম ১০৪
অত্যাচার যতই তীব্র হলো ১০৭
বাহওয়ালপুরের ঐতিহাসিক ভাষণ ১১১
মুশরিকদের পরাজয় ও ইসলামের বিজয় ১১২
জিহাদের পথ কণ্টকাকীর্ণ ১১৪
অত্যাচারের প্রতিশোধ ১১৫
আর কত ঘুমিয়ে থাকবে ? ১১৭
কাশ্মীরের জিহাদ যথার্থ ও শরীয়তসম্মত ১১৮
ইতিহাস কিন্তু কাউকে ক্ষমা করবে না ১১৯
দেশরক্ষা করা ফরয ১২০
ইন্ডিয়ান সন্ত্রাসের জবাব ১২২
মরণে আবার কিসের ভয় ? ১২৩
জিহাদের ডাক ১২৫
গোলামীর অবসান ও আল্লাহর বিধান প্রতিষ্ঠা ১২৫
একটি জিহাদী কবিতা- তোরা সব রণ সাজে সাজ ১২৭

মাওলানা মাসউদ আযহারের বিশাল ব্যক্তিত্ব

হযরত মাওলানা মুহাম্মদ মাসউদ আযহার ১৯৬৮ ঈসায়ী সালে পকিস্তানের বাহওয়ালপুর নিবাসী জনাব মাষ্টার আল্লাহ বখশ ছাহেবের ঘরে জন্মগ্রহণ করেন। প্রাথমিক শিক্ষা গ্রহণের পর তিনি ১৯৮০ ঈসায়ী সালে পাকিস্তানের বৃহত্তম ধর্মীয় শিক্ষা প্রতিষ্ঠান জামি'আ উলূমুল ইসলামিয়া বিন্নূরী টাউন, করাচীতে ভর্তি হন। দীর্ঘ নয় বছর সেখানে কৃতিত্বের সাথে লেখাপড়া করার পর ১৯৮৯ ঈসায়ী সালে শিক্ষা সমাপনের পর দুই বছর সেখানেই তিনি অধ্যাপনার কাজ করেন। এ সময়ে কয়েকবার তিনি স্বশরীরে আফগান জিহাদে অংশগ্রহণ করেন এবং জিহাদের আহবান সম্বলিত অগণিত পুস্তক পুস্তিকাও রচনা করেন। ১৯৯০ ঈসায়ী সালে তিনি 'সাদায়ে মুজাহিদ' (মুজাহিদের ডাক) নামে একটি মাসিক পত্রিকাও প্রকাশ করেন।

জিহাদী আন্দোলনের একজন শীর্ষ নেতা হিসেবে তিনি আন্তর্জাতিক জিহাদী কর্মসূচীর অংশ হিসেবে সউদী আরব, সংযুক্ত আরব আমীরাত, বাংলাদেশ, বার্মা, আফ্রিকা, বৃটেন, উজবেকিস্তানসহ বেশ কয়েকটি রাষ্ট্র সফর করেন।

২৬ শে জানুয়ারী ১৯৯৪ ঈসায়ী তারিখে তিনি কাশ্মীরের মযলূম মুসলমানদের অবস্থা জানার জন্য একজন সাংবাদিকের ভূমিকায় পাকিস্তান থেকে প্রথমে দিল্লী এবং তথা হতে শ্রীনগর গিয়ে পৌঁছলেন। কিন্তু ১০ ফেব্রুয়ারী তারিখে ভারত আন্তর্জাতিক রীতি-নীতি লংঘন করে একজন মহান সাংবাদিককে তার কলমসহ জিঞ্জিরাবদ্ধ করে চরম ধৃষ্ঠতা প্রদর্শনের এক ঘৃনিত নযীর স্থাপন করলো। শুধু তাই নয়, তাঁর উপর চালানো হলো আমানবিক নির্যাতন ও নিপীড়ন।

হযরত মাওলানা মাসঊদ আযহার সাহেব তার জিহাদী ব্যক্তিত্ব ও জিহাদী আহবানে বলিষ্ঠ ভূমিকার কারণে বিশ্বসমাজে এতটাই পরিচিত যে, নতুন করে তার কোন পরিচয় দেয়ার অপেক্ষা রাখে না। এছাড়া তার জ্বালাময়ী ভাষণ ও অনলবর্ষী বক্তৃতার কারণে গোটা বিশ্ব তাকে বিশেষভাবে জানে। কারণ একটি সংক্ষিপ্ত সময়েই মাওলানা মাসঊদ আযহার বৃটেন, আফ্রিকা, সংযুক্ত আরব আমীরাত, সৌদী আরবসহ বিশ্বের বিভিন্ন রাষ্ট্রের আনাচে কানাচে তার আবেগপূর্ণ উর্দূ ও আরবী বক্তৃতার মাধ্যমে ঈমানদীপ্ত মুসলিম মনে জিহাদী প্রেরণার অগ্নিমশাল প্রজ্জ্বলিত করতে সক্ষম হয়েছিলেন। তিনি তার ভাষণে জিহাদী তেজদীপ্ততার অগ্নিস্ফুলিংগকে যে অগণিত মুমিন হৃদয়ে ছড়িয়ে দিতে সক্ষম হয়েছিলেন, তাঁর নিষ্ঠাপূর্ণ বক্তব্য মুসলিম মনকে ব্যাপকভাবে নাড়া দিতে সক্ষম হয়েছিলো তা এ থেকে অনুমান করা যায় যে, মাওলানার দাওয়াতের বরকতে আজ বিশ্বের বিভিন্ন অঞ্চল থেকে মুসলিম নওজোয়ানেরা জিহাদী প্রশিক্ষণ গ্রহণের জন্য দলে দলে এসে একত্রিত হচ্ছে। মহান আল্লাহ পাকের শোকর যে, আজ কাশ্মীর, তাজিকিস্তান, বসনিয়া, বার্মাসহ বিভিন্ন দেশের জিহাদী ময়দানে এসব মুজাহিদ তাদের জীবনের নযরানা পেশ করে চলছে। এবং তাদের মাধ্যমে ইসলামের একটি গুরুত্বপূর্ণ ফরয বিধান জিহাদের অনুশীল ও বাস্তবায়ন ঘটছে।

মাওলানা মাসঊদ আযহার সাহেবের বয়ান ও বক্তৃতার গ্রহণযোগ্যতা ও মহান আল্লাহর দরবারে তার মাকবুলিয়্যাতের একটি ছোট্ট উপমা হলো "বাবরী মসজিদ নামে তার যে বক্তৃতার ক্যাসেটটি বাজারজাত করা হয়েছিলো, এক নির্ভরযোগ্য পরিসংখ্যান মতে এযাবত তা এক লক্ষেরও অধিক কপি মানুষের কাছে পৌঁছে গেছে এবং এখনো তার প্রচার অব্যাহতভাবে চলছে।

হযরত মাওলানার বক্তৃতা সম্পর্কে হযরত মুফতী আবদুর রহীম সাহেব (মুদ্দাঃ আলী) একটি চমৎকার ও মূল্যবান কথা বলেছেন। তিনি বলেন, হযরত মাওলানা মাসঊদ আযহার সাহেবের কিতাবসমূহ ও তার বক্তৃতার ক্যাসেট আমরা আমেরিকার একটি দ্বীপের লোকদের কাছেও দেখেছি। হযরত মাওলানা যখন বৃটেন সফরে গিয়েছিলেন। তখন সে সফরের মাত্র

সাতাইশ দিনের সংক্ষিপ্ত সময়ে তিনি বৃটেনের বিভিন্ন শহরে সর্বমোট ৪৪ টি বক্তব্য রেখেছিলেন।

সেসব বক্তব্যের পূর্ণ অডিও ক্যাসেট সৌদী আরব, সংযুক্ত আরব আমীরাত, বাহ্‌রাইন, ইন্ডিয়াসহ বিশ্বের বিভিন্ন রাষ্ট্রে প্রেরণ করা হয়েছে। এ ছাড়া এ ক্যাসেটসমূহের কপি যখন পাকিস্তানের বিভিন্ন শহরে পাঠানো হলো তখন তার হাজার হাজার কপি তৈরি হতে থাকলো। কোন কোন সাথী আমাকে এ সংবাদও শুনিয়েছেন যে, হযরত মাওলানা মাস্‌উদ আযহারের "বাবরী মসজিদ" সংক্রান্ত ক্যাসেটটি ভারতের তৎকালীন সংসদেও শোনানো হয়েছে।

এ ব্যাপারে হযরত মাওলানা মাস্‌ঊদ আযহার নিজেই বলেছেন, ভাইয়েরা! তোমাদের প্রতি আমার উদাত্ত আহব্বান হলো, জিহাদের এ দাওয়াতকে তোমরা পৃথিবীর আনাচে কানাচে পৌঁছে দাও! যাতে কিয়ামতের কঠিন সময়ে একথা বলে কারো অপারগতা প্রকাশের সুযোগ না থাকে যে, জিহাদের পথের কোন আহব্বায়ক আমাদের মাঝে আসেনি, আমাদেরকে কেউ জিহাদের পথে ডাকেনি।

হযরত মাওলানার বক্তব্য শোনার পর মুমিন হৃদয়ে এতটাই স্পৃহা ও চেতনার সৃষ্টি হয় যার দরুন মনে হয় এখান থেকেই জিহাদে চলে যাই। তাঁর বক্তৃতা শোনার পর এমন অবস্থার সৃষ্টি হয় যে, মানুষের কাছে তখন তার নিজের অবস্থান নিন্দনীয় মনে হতে থাকে। এমন মনে হয় যে, এ যাবত আমি একটা বেকার জীবন যাপন করেছি। সে মতে মুসলিম নওজোয়ানেরা তৎক্ষণাত দলে দলে জিহাদের প্রশিক্ষণ কেন্দ্রে গিয়ে জমায়েত হতে শুরু করে এবং প্রশিক্ষণ সমাপ্ত করে তারা মযলূম রাষ্ট্রসমূহের সীমান্ত এলাকায় এই অপেক্ষায় অপেক্ষমান থাকে যে, কখন নির্দেশ আসবে আর কখন অনুমতি পাব এবং জিহাদের ময়দানে গিয়ে নিজের জীবন আল্লাহ পাকের পথে কোরবান করে দিব।

স্ব-শরীরে জিহাদে অংশগ্রহণ

হযরত মাওলানা মাস্‌ঊদ আযহার সাহেব পাকিস্তানে কর্মরত থাকা কালেও অধিকাংশ সময়েই তিনি মুজাহিদদের সেনা ছাউনী ও রণাঙ্গনেই

কাটিয়েছেন, এবং এটাই ছিলো তার পছন্দনীয় কাজ এরপর এক সময় তিনি এভাবে আফগানিস্তানের রণাঙ্গনে চলে গেলেন। যাওয়ার পূর্বে নিজের সমুদয় সম্পদ জিহাদের জন্য ওয়াকফ করে দিলেন এবং শাহাদতের বুকভরা আকাঙ্খা নিয়ে তিনি স্বশরীরে রণাঙ্গনে উপস্থিত হয়ে গেলেন। জিহাদরত অবস্থার এক পর্যায়ে তিনি মারাত্মকভাবে আহত হলেন। সে সময়ের বিবরণ দিয়ে তিনি নিজেই তার এক ভাষণে বলেন, সে সময় আমার বুকে এ আশার সঞ্চার হয়েছিলো, আমার বুঝি শাহাদাতের সৌভাগ্য নসীব হবে। অতঃপর তিনি তীব্র অনুশোচনার "আহ!" শব্দ উচ্চারণ করে বলেন, আমাদের মত লোকদের কপালে কি আর শাহাদাত নসীব হবে। এটাতো খোশ কিসমত ও সৌভাগ্যশালীদেরই ভাগ্যে জুটে থাকে। এ কথা থেকে মাওলানা মাসউদ আযহারের বিনয় ও নম্রতার প্রমাণ মিলে।

সংক্ষিপ্ত কথা হলো, যেহেতু এখানে মাওলানা সাহেবের জিহাদী দাওয়াতের ক্ষেত্রে চেষ্টা-প্রচেষ্টা, ত্যাগ-কুরবানী ও অক্লান্ত সাধনার কথা আলোচনা করাই উদ্দেশ্য তাই অন্য আলোচনা দীর্ঘায়িত করতে চাচ্ছি না। তা না হলে হযরত মাওলানার জিহাদে অংশগ্রহণের ঘটনাপ্রবাহ এতই অধিক যে, তা বর্ণনা করার জন্য বিশাল একটি স্বতন্ত্র পুস্তক রচনা করা প্রয়োজন হবে।

জীবনের বিভিন্ন পর্যায়ে

সেটি ছিলো এক ঐতিহাসিক দিন, ১৯৩২ ঈসায়ী সালের ১৯ শে আগস্ট যুগের ইমাম হযরত আল্লামা সাইয়্যেদ আনোয়ার শাহ কাশ্মীরী (রহঃ) নিজ দোস্ত আহবাবদের নিয়ে পাকিস্তানের বাহওয়ালপুর গমন করলেন। এখানে তিনি খতমে নবুওয়াতের অস্বীকারকারী কাদিয়ানীদেরকে অমুসলিম ঘোষণার জন্য প্রথম মোকাদ্দমা অথবা আইনী লড়াই লড়েন এবং খতমে নবুওয়াত আন্দোলনের ভিত রচনা করেন।

এরপর পর্যায়ক্রমে সে আন্দোলনকে আরো বেগবান ও গতিশীল করেন আমীরে শরীয়ত সাইয়্যেদ শাহ আতাউল্লাহ বুখারী (রহঃ)। তিনি "মজলিসে

আহরারে ইসলাম" নামে একটি সক্রিয় জিহাদী কাফেলা সৃষ্টি করে আন্দোলকে চূড়ান্ত রূপদান করেন।

হযরত আমীরে শরীয়তের সে জিহাদী আন্দোলনের বিশেষ সহযোগী হিসেবে তিনি বাহওয়ালপুরের অনুকূল ভূমিতে জনাব মুহাম্মদ হাসান চাগতায়ীর মত ব্যক্তিত্বকে পেয়ে যান। যিনি খতমে নবুওয়াত আন্দোলনে বীরত্বপূর্ণ ও উল্লেখযোগ্য ভূমিকা পালন করেন। তিনি ১৯৯২ ঈসায়ী সাল পর্যন্ত মজলিসে আহরারে ইসলাম আল আলমী"-এর সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেন।

আল্লামা আনোয়ার শাহ কাশ্মীরী (রহঃ)-এর মত বিশাল ব্যক্তিত্বের পদধূলি ছাড়াও বাহওয়ালপূরের আরো একটি গৌরব ও বৈশিষ্ট্যের দিক হলো, খতমে নবুওয়াত আন্দোলনের নির্ভীক মুজাহিদ জনাব মুহাম্মাদ হাসান চাগতায়ীর সুযোগ্য সন্তান এবং মিরপুরের সাইয়্যেদের আধ্যাত্মিক নেতা জনাব আল্লাহদত্ত আতা (রহঃ)-এর ছেলে মাষ্টার আল্লাহ বখশ সাহেবের ঘরে ১৯৬৮ ঈসায়ী সালে একজন শিশুর জন্ম হলো। যে শিশুকে আজ গোটা বিশ্ব মুজাহিদে ইসলাম মাওলানা মাস্‌উদ আযহার নামে স্মরণ করে থাকে।

প্রাথমিক শিক্ষা-দীক্ষা

হযরত মাওলানা মাস্‌উদ আযহার শৈশবকাল থেকেই ছিলেন ব্যতিক্রম বৈশিষ্ট্যের অধিকারী। মহান আল্লাহ তার মাঝে ছোটবেলা থেকেই অনেক বিশেষত্বের সমন্বয় ঘটিয়েছিলেন। জীবনের প্রথম থেকেই তার চেহারায় বুদ্ধিমত্তা, বিচক্ষণতা, ও ভদ্রতার নিদর্শন সুস্পষ্ট ছিলো। চার বছর বয়সে হযরত মাওলানাকে একটি কওমী মাদ্রাসায় ভর্তি করে দেয়া হলো। সেখানে তিনি পবিত্র কুরআন ও প্রাথমিক শিক্ষা অর্জন করেন। অতঃপর তিনি বাহওয়ালপুরের সরকারী মডেল স্কুলে ষষ্ঠ শ্রেণীতে ভর্তি হন। সেখানে ষষ্ঠ শ্রেণী পড়ার পর তিনি তাঁর চাচা মুহাম্মাদ ইকবাল সাহেবের সাথে রহীম ইয়ার খান চলে যান এবং সেখানে পাইলট সেকেন্ডারী স্কুলে সপ্তম শ্রেণীতে ভর্তি হন এবং এক বছর সেখানে পড়াশুনা করেন।

জনাব মাওলানার পিতা ছিলেন একজন উর্দূ ভাষা সাহিত্যিক। বিশেষত ঃ ইকবাল কাব্যের তিনি ছিলেন একজন প্রথিতযশা শিক্ষক। যার ফলে আল্লামা ইকবালের বিভিন্ন কবিতা ও উর্দূ ভাষার কঠিন শব্দসমূহ তিনি মাওলানাকে মুখে মুখেই শিক্ষা দিতেন এবং কণ্ঠস্থ করিয়ে দিতেন। এসব কারণে তিনি উর্দূ ভাষা সাহিত্যে যথেষ্ট অভিজ্ঞ হয়ে উঠেছিলেন। ফলে স্কুলে ও তিনি একজন বৈশিষ্ট্যপূর্ণ ছাত্র হিসেবে বিশেষ সম্মানের অধিকারী ছিলেন। তার নানা জনাব মুহাম্মাদ হাসান চাগতায়ী সাহেব যেহেতু একজন আন্দোলনী ও বিপ্লবী মনমানসিকতার অধিকারী ব্যক্তি ছিলেন, তাই তিনি মাওলানা মাসঊদ আযহারকে বিভিন্ন বিষয়ে বক্তৃতা লিখে দিতেন এবং তার সাথে বিভিন্ন সভা-সমাবেশে নিয়ে যেতেন। সেখানে তাকে দিয়ে বয়ান করাতেন। স্কুলের বিভিন্ন বক্তৃতা প্রতিযোগিয় তিনি একজন উল্লেখযোগ্য প্রতিযোগী হিসেবে অংশগ্রহণ করতেন এবং বিশেষ সাফল্য সহকারে বিশেষ মর্যাদাপূর্ণ অবস্থানে বিজয়ী হতেন।

বিন্‌নূরী টাউন জামি'আয় ভর্তি

মাওলানার সম্মানিত পিতা অত্যন্ত দৃঢ়ভাবে এরূপ ইচ্ছা করে রেখেছিলেন যে, আমি আমার সবচাইতে মেধাবী ও যোগ্য ছেলেকে দ্বীনী শিক্ষায় শিক্ষিত করবো। এ কারণে সপ্তম শ্রেণী পড়ার পর ১৯৮০ ঈসায়ী সালে তিনি পাকিস্তানের বৃহত্তম ধর্মীয় শিক্ষা প্রতিষ্ঠান জামি'আতুল উলূমুল ইসলামিয়া আল্লামা বিন্‌নূরী টাউন, করাচীতে মাওলানা মুফতী আবু বকর সাঈদুর রহমানের মাধ্যমে ভর্তি করিয়ে দিলেন।

দ্বীনী শিক্ষা গ্রহণের ক্ষেত্রে মাওলানার পূর্ব থেকেই ছিলো এক অদম্য উৎসাহ। এ কারণে শিক্ষাজীবনের শুরু থেকেই তিনি তাঁর উন্নত গুণাবলী যেমন, পড়াশুনায় একনিষ্ঠতা ও গভীর লিপ্ততা, মেধা ও যোগ্যতা, তাকওয়া ও পরহেযগারীসহ আরো অন্যান্য উন্নত চারিত্রিক ও নৈতিক বৈশিষ্ট্য হেতু সকল উস্তাদগণের অত্যন্ত প্রিয়পাত্র হয়ে উঠেন।

বিশেষতঃ আহলে সুন্নাত ওয়াল জামা'আতের ইমাম হযরত মুফতী আহমাদুর রহমান (রহঃ) এবং মাওলানা আবদুস সামী (রহঃ) সাহেব দ্বয়ের

বিশেষ দৃষ্টি আকর্ষণ ও তাদের একান্ত স্নেহভাজন হয়ে উঠেন। এ কারণে ইলমী যোগ্যতা ও বিভিন্ন অভিজ্ঞতার ক্ষেত্রে তিনি আরো বেশি ব্যুৎপত্তি অর্জনে সক্ষম হন। মাদ্‌রাসার পরীক্ষাসমূহে এবং বিভিন্ন উপলক্ষে অনুষ্ঠিত বক্তৃতা প্রতিযোগিতায় তিনি দৃষ্টি আকর্ষণ করার মত কৃতিত্ব রেখে অত্যন্ত সম্মানজনকভাবে বিজয়ী হতেন বিধায় তিনি উস্তাদগণের কাছ থেকে বিশেষ ধন্যবাদ ও দু'আ এবং পুরস্কার লাভ করতেন।

ইসলাহী বাই'আত

হযরত মাওলানা মাসঊদ আযহারের মন-মানসিকতায় সৃষ্টিগতভাবেই মহান আল্লাহ তা'আলা নেক আমলের উদ্দীপনা ও বুযুর্গানে দীনের ফয়েয ও বরকত লাভের এক বিশেষ প্রেরণা দান করেছিলেন।

জামি'আ বিন্‌নূরী টাউনে অধ্যয়নরত অবস্থাতেই তৃতীয় বছর এ দুর্লভ ব্যক্তিত্ব ও মুক্তাতুল্য তালিবে ইলম জনাব মাওলানা মাসঊদ আযহার বিশিষ্ট ওলিয়ে কামেল, তরীকতের অন্যতম রাহবর, পাকিস্তানের মুফতীয়ে আযম জনাব মুফতী ওলী হাসান সাহেব (রহঃ)-এর সংস্পর্শ লাভ করেন এবং তাঁর সাথে বিশেষ সম্পর্ক স্থাপনের সৌভাগ্য অর্জন করেন। মাওলানা মাসঊদ আযহার জনাব মুফতী সাহেবের হাতে ইসলাহী বাই'আতও গ্রহণ করেন এবং নিজের দোস্ত আহবাবদেরকেও বাই'আত হতে উৎসাহিত করতে থাকেন। সেমতে ১৯৮৪ ঈসায়ী সালে এ বর্ণনাকারী (মুফতী আবদুল্লাহ মাসঊদ) যখন বিননূরী টাউনে ভর্তি হলেন এবং যে কক্ষে তাঁকে থাকতে দেয়া হলো, ভাগ্যগুণে সে কক্ষেই হযরত মাওলানা মাস্‌ঊদ আযহারও থাকতেন। মুফতী আবদুল্লাহ মাস্‌ঊদ সাহেব বলেন, শিক্ষা-দীক্ষা, লিখা ও বক্তৃতার সাথে সাথে তিনি তখন আমাকে ইসলাহী বাই'আতের ব্যাপারেও গুরুত্ব আরোপ করলেন। সেমতে আমিও হযরত মাওলানা মুফতী ওলী হাসান সাহেবের হাতে বাই'আত হয়ে গেলাম। আলহামদুলিল্লাহ! এরপর থেকে মাওলানা মাসঊদ আযহার সাহেবের সাথে আমার অনেক ঘনিষ্ঠতা সৃষ্টি হয়ে গেলো এবং প্রত্যেকটি ব্যাপারেই তিনি আমাকে নির্দেশনা ও সৎপরামর্শ দিতে থাকলেন।

হযরত মাওলানা মাসউদ আযহার দীর্ঘ বার বছর জনাব মুফতী সাহেবের সংস্পর্শে কাটালেন এবং শিক্ষা-দীক্ষার সাথে সাথে তিনি আধ্যাত্মিক দিক থেকেও বিশেষ পূর্ণতা লাভ করতে সক্ষম হন।

অধ্যাপনা

মাওলানা সাহেবের ছাত্র জীবনেই অবসর সময়ে কয়েকজন শিক্ষার্থী মাওলানার কাছে কিছু বৈষয়িক কিতাব অধ্যয়ন করতো। হযরত মাওলানার যোগ্যতা ও জ্ঞান-গভীরতার ব্যাপারে প্রত্যেকেই খুব ভালভাবে অবগত ছিলো। ফলে শিক্ষা সমাপনের সাথে সাথেই জামি'আর শিক্ষা বিভাগ সর্বসম্মতিক্রমে তাঁকে জামি'আর শিক্ষক হিসেবে নিয়োগ দান করলো। এভাবেই মাওলানার গৌরবময় অধ্যাপনার জীবনের শুভ সূচনা হলো।

শিক্ষকতার প্রাথমিক সময়ে তাকে কিছু নাহু ও সরফের মৌলিক কিতাবাদি পড়াতে দেয়া হয়েছিলো। এছাড়া বিদেশী ছাত্র যাদেরকে শুধু আরবী ভাষায় পড়াতে হতো তাদের বেশিরভাগ ক্লাশই হযরত মাওলানার কাছে ছিলো। কারণ আরবী ভাষায় তাঁর ছিলো বিশেষ পারদর্শিতা ।

আফগানিস্তানের পথে মাওলানা মাসউদ আযহার

ঈসায়ী ১৯৮৮ সালে হযরত মাওলানা মুফতী আহমাদুর রহমান (রহঃ) আফগানিস্তানে গমন করলেন এবং বিভিন্ন দায়িত্বে নিয়োজিত নেতৃবৃন্দের সাথে সাক্ষাৎ করলেন। সে সময় জনাব মাওলানা জালালুদ্দীন হাক্কানীর সাথেও তিনি সাক্ষাৎ করেন। তাঁর কাছে জনাব মুফতী সাহেব নিজের এ অভিপ্রায়ের কথা ব্যক্ত করেন যে, আমি আমার মাদ্‌রসার ছাত্রদেরকে জিহাদী প্রশিক্ষণ দিতে চাই। তার সময়োপযোগী এ অভিপ্রায়ের কথা শুনে মাওলানা জালালুদ্দীন হাক্কানী সাহেব খুবই খুশি হলেন এবং মাওলানা ফযলুর রহমান খলীলকে করাচী পাঠিয়ে দিলেন। তাকে পাঠানোর উদ্দেশ্য ছিলো, তিনি বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে জিহাদের দাওয়াত দিবেন এবং যারা সাগ্রহে সে আহবানে সাড়া দিয়ে প্রশিক্ষণ নিতে চাইবে তাদের নিয়ে এসে জিহাদী প্রশিক্ষণ দিবেন।

সেমতে ১৯৮৮ ঈসায়ী সালের বার্ষিক পরীক্ষার পর যখন মাদ্‌রাসা ও শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ হলো তখন বিননূরী টাউন থেকে উল্লেখযোগ্য সংখ্যক শিক্ষার্থী জিহাদী প্রশিক্ষণ গ্রহণ করার জন্য আফগানিস্তান চলে গেলো এবং জিহাদে অংশগ্রহণ করলো। সে সময়ে সকলের মনের মাঝেই একটা সুপ্ত আকাঙ্খা ছিলো যে, মাওলানা মাস্‌ঊদ আযহার সাহেবও এ প্রত্যক্ষ জিহাদে অংশগ্রহণ করুক। কারণ তাদের সকলেরই দৃঢ় বিশ্বাস ছিলো যে, তিনি এ জিহাদী প্রোগ্রামে অংশগ্রহণ করলে আল্লাহ্ পাকের ইচ্ছায় এ কাজে অনেক অগ্রগতি করতে পারবেন এবং তার দ্বারা জিহাদী কর্মসূচীগুলো গতি লাভ করবে এবং উপকৃত হবে।

যাহোক, মহান আল্লাহ্ পাকের দরবারেও এমনটি মঞ্জুরী ছিলো যে, মাওলানা মাসঊদ আযহারের মাধ্যমে তিনি জিহাদের কাজকে গোটা বিশ্বে ছড়িয়ে দেয়ার ব্যবস্থা করবেন।

প্রথমবারের মত মাওলানা সাহেব ১৯৮৯ ঈসায়ী সালে নিজের কয়েকজন দোস্ত আহবাবসহ মাত্র তিন দিনের সময় নিয়ে আফগান মুজাহিদদের অবস্থা স্বচক্ষে দেখার জন্য সেখানে গমন করেন।

হযরত মাওলানা মাস্‌ঊদ আযহার তিন দিনের জন্য আফগানিস্তানে গমন করলেও জিহাদের বরকত, মুজাহিদদের অবস্থা ও মাওলানা ফযলুর রহমান খলীল সাহেবের আবেগপূর্ণ জিহাদী দাওয়াতে তিনি এতটাই প্রভাবিত হন যে, পূর্ণ চল্লিশ দিন সেখানেই থেকে যান এবং জিহাদী প্রশিক্ষণ কোর্স সম্পন্ন করেন। আর সে থেকেই তিনি স্বতন্ত্রভাবে জিহাদী তৎপরতায় লিপ্ত থাকার ব্যাপারে দৃঢ় পরিকল্পনা গ্রহণ করেন। এ সময় হযরত মাওলানার মনের মাঝে এক নবতর বিপ্লবের সূচনা হলো। তিনি তখন বারবার একটি কথাই বলতেন, প্রিয়নবী হযরত মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কালেমা পাঠকারী মুসলমানদের ধরে ধরে জবাই করা হচ্ছে আর আমরা আরামে বসে আছি। কাল কিয়ামতের দিনে আমরা কীভাবে মুখ দেখাবো!

মাদ্‌রাসার বার্ষিক পরীক্ষার দীর্ঘ ছুটিতেই হযরত মাওলানা আফগানে এসেছিলেন। যখন ছুটি শেষ হয়ে গেল তখন তিনি পুনরায় করাচী ফিরে এলেন। এ সময় তিনি বিন্‌নূরী টাউনে দরসের খেদমত আঞ্জাম দেয়ার সাথে

সাথে করাচীর বিভিন্ন মাদ্‌রাসা ও মসজিদসহ বিভিন্ন অলি গলিতে জিহাদের ব্যাপক দাওয়াতী তৎপরতা চালিয়ে যেতে থাকেন।

বৃহস্পতিবার ও শুক্রবারের ছুটির দিনগুলোতেও তিনি আরামে বসে থাকতেন না বরং এদিনগুলোতে তাকে দেখা যেতো জিহাদী দাওয়াতে দারুণভাবে ব্যস্ত ও তৎপর। কখনো নওয়াব শাহে তার জ্বালাময়ী বক্তব্য চলছে। কখনো হায়দ্রাবাদে কখনো সক্ষরে কখনো এখানে কখনো ওখানে। এভাবে তিনি তাঁর দীনী দায়িত্ব আদায়ে থাকতেন ব্যাপকভাবে ব্যাপৃত।

মাত্র এক বছরের প্রচেষ্টায় তিনি সিন্দ ও সিন্দের অভ্যন্তরে জিহাদী কর্মসূচীকে এতটাই ব্যাপক করে তুললেন যে, তার আনাচে-কানাচের প্রত্যেক মুসলমান ব্যক্তিই একাজের গুরুত্ব যথাযথভাবে উপলব্ধি করতে সক্ষম হলো এবং অগণিত নওজোয়ানকে তিনি এ ফযীলতপূর্ণও সম্মানজনক কাজ জিহাদের জন্য প্রস্তুত করে নিলেন।

'সাদায়ে মুজাহিদ' মুজাহিদের ডাক-নামে পত্রিকা প্রকাশ

জিহাদী কর্মসূচীকে আরো ব্যাপক ও প্রশস্ত করার লক্ষ্যে মুজাহিদগণের অবস্থা ও শহীদগণের পয়গাম সকল মানুষের কাছে পৌছে দেয়ার জন্য এবং ইসলাম বিদ্বেষীদের অপপ্রচার রোধ করার উদ্দেশে মুজাহিদদের একটি স্বতন্ত্র প্রচার মাধ্যম প্রতিষ্ঠা করার তীব্র প্রয়োজন অনুভব করলেন মাওলানা মাস্‌উদ আযহার।

বয়ান ও বক্তৃতায় হযরত মাওলানাকে মহান আল্লাহ যেমন বিশেষ পারদর্শিতা দান করেছিলেন তেমনিভাবে লিখনীর ক্ষেত্রেও তিনি ছিলেন একজন দক্ষ লেখক ও সাহিত্যিক। ফলে সময়ের দাবী পূরণে এগিয়ে এলেন তিনি। ১৯৯০ ঈসায়ী সালের জানুয়ারী মাস থেকে মাসিক "সাদায়ে মুজাহিদ" বা মুজাহিদের ডাক নামে একটি স্বতন্ত্র পত্রিকার প্রকাশনা শুরু করেন তিনি।

মুজাহিদীনে ইসলামগণের প্রচেষ্টা, কমান্ডার জনাব আবদুর রশীদ-এর দু'আ ও মাওলানার ইখলাসের বদৌলতে মহান আল্লাহ এ পত্রিকাটিকে

এমনভাবে কবুল করে নিলেন যে, আজ গোটা দুনিয়ার মুসলমানদের কাছে এ পত্রিকাটি একটি প্রিয় ও পছন্দনীয় প্রচার মাধ্যমে পরিণত হয়েছে।

পবিত্র বাইতুল্লাহ ও মসজিদে নববীতে গিয়েও হযরত মাওলানা জিহাদী কর্মসূচীর ব্যাপকতা, সফলতাও এ পত্রিকাটির মাকবুলিয়্যাতের জন্য আল্লাহ পাকের দরবারে বিশেষভাবে ফরিয়াদ করতেন। পত্রিকাটি পাঠ করে অগণিত মুসলিম নওজোয়ান জিহাদের এ মুবারক জীবন গ্রহণ করেন। যে ধারাবাহিকতা আজো অব্যাহত রয়েছে এবং ইনশাআল্লাহ ভবিষ্যতেও থাকবে।

রণাঙ্গনে আহত মাওলানা মাস্‌উদ আযহার

ঈসায়ী ১৯৯০ সালের পর প্রতি বছর বার্ষিক পরীক্ষা পরবর্তী ছুটির সময় পূর্ণ তিন মাসের জন্য তিনি আফগানিস্তানে চলে যেতেন এবং এ সময় তিনি আফগানের বিভিন্ন রণাঙ্গনে অবস্থান করতেন। এছাড়া তিনি কমান্ডার জনাব আবদুর রশীদের সাথে কয়েকটি যুদ্ধক্ষেত্রেও অংশগ্রহণ করেন। এমনি এক সময়ের কথা! খোস্তের সবচাইতে উত্তেজিত সেনা ছাউনী "বাড়ি" থেকে কিছু দূর আগে সালাকন পোস্টে কমান্ডার মাওলানা শাব্বীর আহমদ শহীদ-এর কমান্ড পেয়ে তিনি দুশমনের উপর ঝাঁপিয়ে পড়লেন। ইতিমধ্যে সেখানে শত্রু-সৈন্য রকেট আক্রমণ চালালো যা হযরত মাওলানার কাছাকাছি এসে বিস্ফোরিত হলো। ফলে মাওলানা মারাত্মকভাবে যখম হয়ে গেলেন। কিছুদিন পরে যখম তো শুকিয়ে গেল ঠিক কিন্তু বারুদের বিষাক্ত প্রতিক্রিয়া এখনো তার শরীরে রয়ে গেছে।

বহির্বিশ্বে জিহাদী সফর

হযরত মাওলানা মাস্‌উদ আযহার সাহেবের দিলের একান্ত কামনা ছিলো গোটা বিশ্বে জিহাদের এ মুবারক দাওয়াতকে ব্যাপকভাবে ছড়িয়ে দেয়া এবং বিশ্বের প্রতিটি মুসলমানের কাছে জিহাদী ডাক পৌঁছে দেয়া। যাতে মুসলমানগণ তাদের হারানো রাজত্ব ও বিশ্বব্যাপী তাদের মাহাত্ম্য পুনরায়

ফিরে পেতে পারে। এ মহৎ উদ্দেশ্যে তিনি বিশ্বের বিভিন্ন রাষ্ট্র সফর করেন এবং সেসব রাষ্ট্রে অনুষ্ঠিত বিশাল বিশাল জনসমাবেশে বক্তৃতা করেন।

উপরোক্ত ধারাবাহিকতায় ১৯৮৯, ১৯৯০ ও ১৯৯১ ঈসায়ী সালে পর পর তিন বছর তিনি বাংলাদেশে আগমন করেন। ১৯৮৭ ঈসায়ী সালে তিনি প্রথমবারের মত হজ্বের উদ্দেশ্যে সৌদী আরব গমন করেন এবং এরপর প্রায় প্রতি বছরই জিহাদের দাওয়াত নিয়ে তাঁকে সৌদী আরব যেতে হয়েছে। সেখানে তিনি তথাকার প্রসিদ্ধ ও বিশিষ্ট উলামায়ে কিরাম ও বুযুর্গানে দীনের সাথে সাক্ষাৎও করেছেন। অতঃপর ১৯৯২ ও ১৯৯৩ ঈসায়ী সালে তিনি জিহাদী দাওয়াত নিয়ে সংযুক্ত আরব আমিরাত সফর করেন। সেখানে বেশ কয়েকটি বড় সমাবেশে তাকে আরবী ভাষায় বক্তৃতা করতে হয়েছে। তার সে বক্তৃতার ফলাফল এই ছিলো যে, সেখান থেকে অগণিত নওজোয়ান স্ব-শরীরে রণাঙ্গনে এসে জিহাদে অংশগ্রহণ করেছেন।

অতঃপর ১৯৯১ ও ১৯৯৩ ঈসায়ী সালের ফেব্রুয়ারী ও মার্চ মাসে তিনি দক্ষিণ আফ্রিকা সফর করেন। ১৯৯৩ ঈসায়ী সালের আগস্ট মাসে তিনি চলে যান বৃটেন। সে সময় তিনি বৃটেনের বিভিন্ন অঞ্চলে সভা সমাবেশ ও ঘরোয়া প্রোগ্রাম করেন এবং তার ডাকে সাড়া দিয়ে তথাকার বেশ কয়েক জন আলেম ও নওজোয়ান জিহাদে অংশগ্রহণ করেন।

১৯৯৩ ঈসায়ী সালের নভেম্বর ও ডিসেম্বরে তিনি আফ্রিকা, কেনিয়া ও সুদান ও সোমালিয়ার অবস্থা সম্পর্কে অবগতি লাভের জন্য পাকিস্তানের খ্যাতিমান সাংবাদিকদের একটি টিমের সাথে দুবার সে সব এলাকা ভ্রমণ করেন। এমনিভাবে হযরত মাওলানা মাসঊদ আযহার বিশ্বব্যাপী এক ব্যাপক চিন্তাধারা ও ফিকির নিয়ে সীমিত সময়ের মধ্যে গোটা দুনিয়ায় জিহাদী দাওয়াত পৌঁছে দিতে সক্ষম হন। মাওলানা সাহেবের চলা ফেরা, উঠা বসা সবই বরং প্রতিটি মুহূর্তই ব্যয় হতো জিহাদী কাজে। তিনি তার সব কিছুই ইসলামের মাহাত্ম্য বৃদ্ধিতে কুরবানী করে দিয়েছেন। উৎসর্গ করেছেন সকল সম্পদ, মেধা, শ্রম ও যোগ্যতা জিহাদী অহবানকে গোটা বিশ্বে ছড়িয়ে দেয়ার এক মহান ব্রতে।

পাকিস্তানে যদিও জিহাদী আন্দোলনের মূল ভিত রচনা করেছিলেন মাওলানা ইরশাদ আহমদ শহীদ (রহঃ) মাওলানা কারী সাইফুল্লাহ আখতার ও মাওলানা ফযলুর রহমান খলীল এবং তাদের সে মূল ভিতকে কমান্ডার মাওলানা খালেদ যুবাইর শহীদ, কমান্ডার জনাব আব্দুর রহমান (রহঃ) ও আব্দুর রশীদ ও তাদের সাথীরা তাদের খুনের নযরানা পেশ করে আরো শক্তিশালী ও গতিশীল করেছেন, কিন্তু এ আন্দোলনকে চূড়ান্ত স্তরে পৌঁছে দেয়ার অন্যতম কান্ডারী হলেন হযরত মাওলানা মুহাম্মদ মাস্‌উদ আযহার।

শ্রীনগরের বন্দীশালায়

মুসলিম উম্মাহর এ মহান কল্যানকামী ব্যক্তিত্ব যিনি তার কলম, যবান এবং সকল যোগ্যতা ও অভিজ্ঞতাকে আল্লাহ পাকের দীনের আওয়াযকে উঁচু করার মহান লক্ষ্যে উৎসর্গ করে দিয়েছিলেন। যিনি প্রিয়নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর শতধা বিচ্ছিন্ন ও ছড়ানো ছিটানো উম্মতদেরকে ঐক্যবদ্ধ করা এবং তাদের মাঝে ইসলামের এক গুরুত্বপূর্ণ ফরয জিহাদী চেতনা সৃষ্টির জন্য পৃথিবীর আনাচে কানাচে চেষ্টারত ছিলেন।

যিনি রাতের নির্জনতায় নিজ প্রভুর দরবারে মুসলিম উম্মাহর ঐক্য ও সমৃদ্ধি কামনা করে ফরিয়াদে লিপ্ত থাকতেন আর দিনের আলোয় যিনি হৃদয়ের সবটুকু আবেগ অনুভূতি ঢেলে দিয়ে মুসলমানদেরকে জিহাদের পথে, সত্য সংগ্রামের পথে আহবান করতেন। যিনি নিজের সকল মান মর্যাদা ও আরাম-আয়েশ বিসর্জন দিয়ে দীন ও ইসলামের ইয্যত ও মর্যাদা কামনা করেন। যিনি নিজের সুখ-শান্তি বিসর্জন দিয়ে মুসলিম উম্মাহর সুখ শান্তি কামনা করেন এবং তাদেরকে বিভিন্ন যুলুম নির্যাতনের কড়াল থাবা থেকে মুক্ত করতে চান। যার বক্তব্যের বাস্তব নমুনা ছিলো তার কাজের তৎপরতা। যার জীবনের চরম ও পরম লক্ষ্য ছিলো আল্লাহ পাকের যমীনে মহান আল্লাহর বিধান তথা খেলাফতে এলাহিয়াকে প্রাতিষ্ঠানিক রূপদান ।

যিনি মুসলিম উম্মাহর প্রতিটি নওজোয়ানকে শ্রেষ্ঠ মুজাহিদ প্রিয়নবী হযরত মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর দৃঢ়তা, হযরত সিদ্দীকে আকবর

(রাযিঃ)-এর মত সুদৃঢ় মনোবল, হযরত উমর (রাযিঃ)-এর মত শৌর্যবীর্য, হযরত উসমান (রাযিঃ)-এর ন্যায় আত্মসম্মানবোধ, হযরত আলী (রাযিঃ)-এর মত বীরত্ব, হযরত হামযা (রাযিঃ)-এর মত হুংকার, হযরত তালহা (রাযিঃ) ও হযরত যুবায়ের (রাযিঃ)-এর ন্যায় বাহাদুরী, হযরত খালেদ (রাযিঃ) ও হযরত যিরার (রাযিঃ)-এর মত সাহসিকতা এবং হযরত আবু উবাইদা (রাযিঃ)-এর মত নেতৃত্ব ও সিপাহসালারী, হযরত আবু দুজানা (রাযিঃ)-এর মত কৌশল হযরত মুসআব ইবনে উমাইর (রাযিঃ)-এর মত প্রাণোৎসর্গী মনোভাব, হযরত আমর ইবনে জুমূহ (রাযিঃ)-এর মত স্পৃহা সৃষ্টির প্রশিক্ষণ দিয়ে থাকেন এবং নিজের হৃদয়ের সম্পূর্ণ উত্তাপ ও আবেগ ঢেলে দিয়ে তাদের সামনে সে ঐতিহ্যের বিবরণ তুলে ধরে তাদের মাঝে নব চেতনা জাগ্রত করতে সদা ব্যাপৃত থাকেন।

যিনি হযরত সাইয়েদ আহমদ শহীদ (রহঃ) ও হযরত শাইখুল হিন্দ (রহঃ)-এর প্রদত্ত বৈপ্লবিক ধ্যান-ধারণার একজন একনিষ্ঠ দাঈ বা আহবায়ক, যিনি বর্তমান সময়ে দেওবন্দী উলামায়ে কিরামের জন্য একজন গর্বিত সন্তান, যিনি কাফির মুশরিকদের নিপীড়নের খপ্পরে আবদ্ধ মুসলিম উম্মাহর কাছে জিহাদের দাওয়াত পৌঁছে দিয়ে তাদের ডাক ও চিৎকার এবং তাদের বিধ্বস্ত অবস্থাকে বিশ্বের সামনে তুলে ধরতে দৃঢ়সংকল্প, আর সে সংকল্প বাস্তবায়নের জন্য কাশ্মীরের মুসলমানদের প্রতি নির্যাতন নিপীড়নের দৃশ্য স্বচক্ষে প্রত্যক্ষ করার জন্য, নিজের দ্বীনী আদর্শিক ও সাংবাদিকতার দায়িত্ব আদায়ের জন্য আইনগত প্রক্রিয়া অবলম্বন করে তিনি কাশ্মীরে গমন করেছিলেন। তিনি সেখানে গিয়ে তথাকার মযলূম মুসলমানদের অবস্থা সম্পর্কে খোঁজ-খবর নিচ্ছিলেন। ইতিমধ্যেই সেখানকার গো-মাতার পুজারীরা আন্তর্জাতিক রীতি-নীতি উপেক্ষা করে ১৯৯৪ সালের ১০ ই ফেব্রুয়ারী একজন মহান সাংবাদিকের কলমসহ তার হাতকে জিঞ্জিরাবদ্ধ করে দিলো। তিনি বন্দী হলেন গরু-পুজারীদের হাতে। এভাবে থমকে গেলো তার তীব্র ও ক্ষীপ্র চলন, বন্ধ হয়ে গেলো তার গতিশীল কলম। অবিচার আর বলে কাকে ?

বিপ্লবী কলম-সৈনিক মাওলানা মাসউদ আযহার

হযরত মাওলানা মাস্‌উদ আযহার শারীরিক জিহাদ ও আর্থিক জিহাদের সাথে সাথে তিনি একজন দক্ষ কলমী মুজাহিদ তথা কলম-সৈনিক। সৈনিক নয় বরং তিনি হলেন একজন অভিজ্ঞ কলম সিপাহসালার।

তার কলমী জিহাদের প্রথম দৃষ্টান্ত ছিলো 'সাদায়ে মুজাহিদ' বা "মুজাহিদের ডাক" নামক মাসিক পত্রিকা প্রকাশ। সীমাহীন আর্থিক অনটনের মধ্য দিয়ে অক্লান্ত চেষ্টা সাধনা ও পরিশ্রম করে জনাব মাওলানা সাহেব এ পত্রিকার প্রকাশনা অব্যাহত রেখেছেন।

বিশ্বব্যাপী জিহাদী তৎপরতায় দারুণভাবে ব্যস্ত থাকা সত্ত্বেও একান্ত স্বল্পসময়ে তাড়াহুড়া করেই পত্রিকার কাজ তিনি সমাধা করতেন। তা সত্ত্বেও এটি সারা বিশ্বের লক্ষ-কোটি জিহাদপ্রেমী মুসলমানের কাছে একটি প্রিয় প্রচার মাধ্যম হিসেবে প্রতিষ্ঠা লাভ করে। নারী-পুরুষ নির্বিশেষে লক্ষ পাঠকের কাছ থেকে অগণিত মোবারকবাদ ও প্রশংসাপত্রই ছিলো তার প্রকৃষ্ট প্রমাণ। অসংখ্য মুসলমান নওজোয়ান শুধু এ পত্রিকা পাঠ করেই দলে দলে এসে জিহাদ প্রশিক্ষণ ক্যাম্পে একত্রিত হয়েছে। যা এ পত্রিকাটির গ্রহণযোগ্যতা ও আল্লাহ পাকের দরবারে-এর মাকবুলিয়্যতের আরো একটি উজ্জ্বল দৃষ্টান্ত।

এ ছাড়া জনাব মাওলানা মাস্‌উদ আযহার জিহাদের গুরুত্ব, ফযীলত ও এর বিভিন্ন দিকের উপর জ্ঞানগর্ব আলোচনা করে রচনা করেছেন ২২ টি মূল্যবান গ্রন্থ। ধর্মীয় ও দ্বীনী গ্রন্থসমূহ পাঠে সামান্যতম আগ্রহ রাখেন এমন যে কোন পাঠকই এর যে কোন একটি কিতাব পাঠ করলে তাতে তিনি দারুণ আকর্ষণ অনুভব করবেন সন্দেহ নেই। এসব গ্রন্থ পাঠে একজন মুসলমান সন্তানের মাঝে সূচিত হতে পারে বৈপ্লবিক পরিবর্তন।

মাওলানা মাস্‌উদ আযহারের লেখা বিভিন্ন সাইজের ভলিউমের গ্রন্থসমুহের মধ্যে মুজাহিদের আযান, জিহাদের ফযীলত, মুজাহিদের ভাষণ (প্রথম ও দ্বিতীয় খণ্ড), বাবরী মসজিদ, শাহাদাতের মরণ, জিহাদ ও শাহাদাত ইত্যাদি কিতাবসমূহ বিশেষভাবে উল্লেখযোগ্য।

এ ছাড়া দেশে-বিদেশে বিভিন্ন মুসলিম সমাবেশে তাঁর প্রদত্ত দুর্লভ ভাষণসমূহও অডিও ক্যাসেট আকারে সারা বিশ্বে প্রসারিত হচ্ছে। তার শুধু বৃটেন সফরে প্রদত্ত বিভিন্ন ভাষণ নিয়ে তৈরি হয়েছে ৩৪ টি ক্যাসেট। এছাড়া আফ্রিকার বিভিন্ন অঞ্চলে প্রদত্ত ভাষণসমূহ নিয়ে তৈরি হয়েছে আরো ১০ টি ক্যাসেট। অন্যান্য গুরুত্বপূর্ণ সমাবেশে প্রদত্ত ভাষণ ও বয়ান দ্বারা তৈরি হয়েছে আরো ৩৫ টি ক্যাসেট। এ সর্বমোট ৭৫ টি ক্যাসেট। যেগুলোর প্রত্যেকটাই বিষয়ভিত্তিক অত্যন্ত গুরুত্বপূর্ণ বয়ান সমৃদ্ধ।

হযরত মাওলানা মাস্‌ঊদ আযহারের একটি লেখা

আমি একজন মুহাম্মদ বিন কাসিম চাই!

(বাবরী মসজিদ আমাদেরকে বলছে)

আহ! আমার দরজা আর দেয়াল উপড়ে ফেলা হচ্ছে। আমার পবিত্র অঙ্গনকে অপবিত্র জুতার তলায় পিষা হচ্ছে। ওহে মুসলিম মিল্লাত! আজ তোমরা কোথায় ? আমি তোমাদের মর্যাদার উজ্জ্বল মশাল, আমি তোমাদের সম্মানবোধের পরীক্ষা। দেখ! আজ আমার সীনাকে ঝাঁঝরা করে দেয়ার জন্য, আমাকে ভূতের আশ্রমে পরিণত করার জন্য জালিম হিন্দুগোষ্ঠী কোদাল হাতে আমার দিকে তেড়ে আসছে।

ওহে ঈমানদার লোকেরা ! তোমাদের হলো কি! তাহলে কি আমাকেও আফগানিস্তানের মসজিদগুলোর পরিণতি বরণ করতে হবে ? আমাকেও কি রাশিয়ার মসজিদগুলোর মত শরাব আর মদের আড্ডাখানায় পরিণত করা হবে ? আমার মাঝেও কি মূর্তি রেখে তার অর্চনা চলবে ? আজ তোমরা কোথায় ?

আমি একজন মাহমূদ গজনবীর অপেক্ষায় আছি, মাহমূদ গজনবীরা কি সবাই মরে গেছে ? ভবিষ্যতে আর কখনো কি কোন মাহমূদ গজনবীর জন্ম হবে না ? আমার একজন মুহম্মদ বিন কাসিমের প্রয়োজন। মুহাম্মদ বিন কাসিম কি শুধু কোন ব্যক্তি বিশেষের নাম ছিলো যে আজ তার অস্তিত্ব শেষ হয়ে গেছে ? বরং মুহম্মদ বিন কাসিম তো ছিলো একটি আদর্শের নাম।

সাহাবায়ে কিরাম (রাযিঃ)-এর সম্মান মর্যাদা নিয়ে যারা কথা বলেন, তারা একটু ভেবে দেখুন তো, আজ যদি হযরত সিদ্দীকে আকবর (রাযিঃ) জীবিত থাকতেন তাহলে কি আমাকে এভাবে গুঁড়িয়ে দেয়া সম্ভব হতো ? যদি আজ

হযরত ফারুকে আযম (রাযিঃ) জিন্দা থাকতেন তাহলে আজ এখানকার দৃশ্য কি হতো ?

আমার অস্তিত্ব তো এজন্যই হয়েছিলো যে, হযরত খালিদ বিন ওয়ালীদের রুহানী সন্তানেরা আমার মাঝে সিজদাবনত হবে। আমার তো একথা জানা ছিলো না যে, তোমাদের মাঝে এতটুকু যোগ্যতাও থাকবে না যার দ্বারা তোমরা মহান আল্লাহর ঘরকে রক্ষা করতে পার!

স্মরণ রেখো!

আমি শুধু কাদা মাটির তৈরি একটি ইমারত সর্বস্বের নাম নই। বরং আমি তো মুসলমানদের উত্থান ও পতনের নিদর্শন। আমি কোন বাতিল ও নিঃশেষিত হয়ে যাওয়া ধর্মমতের পূজার কেন্দ্র নই! আমি মুহাম্মদে আরাবী সল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ব্যাপক শ্রম ও মেহনতের সুফল, আমি ঐতিহাসিক বদর-উহুদের কুরবানীর প্রতিদান। ঐতিহাসিক তাইফের প্রান্তরে প্রস্তরাঘাতে জর্জরিত হয়েও দীনের সংরক্ষণকারী মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর আমি ইয়াদগার বা স্মরণিকা। আমি হুনাইন ও কাদেসিয়ার ঐতিহাসিক বিজয়ের নির্যাস।

আজ কি আমার অস্তিত্বকে নিঃশেষ করে দেয়া হবে?

তোমরা কি আমাকে রামপন্থী হিন্দুদের হাতে সোপর্দ করে দিবে ? আত্মসম্মানবোধের এ মহান পরীক্ষায় তোমরা কি ব্যর্থ হয়ে যাবে ?

ভালভাবে শুনে নাও!

যদি আজ আমাকে ভেংগে গুঁড়িয়ে শেষ করে দেয়া হয় তাহলে প্রিয়নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কত মারাত্মক কষ্ট পাবেন, নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর পবিত্র আত্মা কতটা অস্থির হয়ে পড়বে! তোমরা কি এজন্যই বেঁচে আছো যে, তোমাদের প্রিয় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে শুধুই কষ্ট দিতে থাকবে ? যদি আজ এখান থেকে আমার অস্তিত্ব মুছে ফেলা হয়, তবে মনে রেখ কাল কিয়ামতের দিনে আমি তোমাদের কলার চেপে ধরবো, সেদিন তোমরা অপরাধীর কাঠগড়ায় দণ্ডায়মান হবে। বলো! সেদিনের জন্য তোমরা কি জবাব প্রস্তুত করে রেখেছো!

আমার ধ্বংসদৃশ্য প্রত্যক্ষকারী ওহে মুসলমানেরা!

আমি কি একটি মসজিদ নই ?

হাজার হাজার বছর ধরে কি আমার দেয়াল আর দরজা থেকে আযানের সুউচ্চ আওয়ায তোমরা শুনতে পাওনি ?

আমি কি লক্ষ লক্ষ বনী আদমকে আল্লাহ্ পাকের একত্ববাদের বানী শুনাইনি ?

আমার মিহরাব আর মিম্বার কি লক্ষ-কোটি মানুষকে হিদায়াতের আলো প্রদর্শন করেনি ?

স্মরণ রেখো!

আজ যদি আমাকে ধ্বংস করে দেয়া হয়, আমার অস্তিত্ব যদি মুছে ফেলা হয়, আমার স্থানে যদি মন্দির তৈরি করা হয় তবে সারা দুনিয়ার কোথাও তোমাদের মাথা গোঁজার কোন ঠাঁই থাকবে না।

ওহে মুসলিম উম্মাহর মায়েরা!

তোমাদের উদর থেকে জন্ম নিয়েছেন হযরত তালহা (রাযিঃ) হযরত যুবাইর (রাযিঃ), তোমরাই জন্ম দিয়েছিলে হযরত হামযা (রাযিঃ), ও হযরত আবু দুজানা (রাযিঃ) দ্বয়ের মত গর্বিত সন্তানদেরকে। আজ তোমরা নিশ্চুপ কেন? তোমাদের কলিজার টুকরোদেরকে তোমরা আজ কেন আমার সংরক্ষণের জন্য প্রেরণ করো না?

মহান আল্লাহর সামনে যদি তোমরা মুক্তি লাভ করতে চাও, তবে আর বিলম্ব না করে তোমাদের নওজোয়ান সন্তানদেরকে প্রস্তুত করে আমার সংরক্ষণের জন্য প্রেরণ করে দাও। যদি তারা জিহাদ করে গাজি হয় তবে তা হবে তোমাদের জন্য সৌভাগ্য। আর যদি আমার মর্যাদা রক্ষা করতে গিয়ে তারা শাহাদতবরণ করে তবে কিয়ামতের দিনে তোমাদের গরদান বুলন্দ হবে। সুতরাং জলদী কর! এখনই ঝাঁপিয়ে পড়!! বিলম্ব করার সময় কেটে গেছে। চিন্তা করারও সময় নেই। আমার মর্যাদার মধ্যেই তোমাদের সম্মান নিহিত।

আজ যদি তোমরা তোমাদের সন্তানদের কোলে নিয়ে বসে থাক আর আমার সর্বশেষ ইটটি পর্যন্ত যদি উপড়ে ফেলা হয়, তবে কিয়ামতের দিনে মহান আল্লাহর সামনে তোমাদের কোন জবাব থাকবে না।

ওহে মুসলিম নওজোয়ান সকল!

আজ আমি তোমাদের অপেক্ষায় কাতরিয়ে চলছি, আমি এখন অস্থির, আমি আজ তোমাদের শক্তির সর্বশেষ ঝলক দেখার অপেক্ষা করছি। তোমরা তাকিয়ে দেখ! আজ আমার উপর যারা হামলা করার ধৃষ্টতা দেখাচ্ছে তারাও জোয়ান, তারা তাদের ভূতের (মুর্তি) মায়ায় পড়ে আমার উপর ঝাঁপিয়ে পড়েছে। দেখ! তারা আমার মিনারে উঠে তাদের জোয়ানী ও বীরত্বের বহিঃপ্রকাশ ঘটিয়ে আমাকে ধ্বংস করার ব্যাপারে খড়গহস্ত। তারা যেন তাদের জওয়ানীর শপথ করে এসেছে যে, বাবরী মসজিদ ধ্বংস করেই তবে ক্ষ্যান্ত হবে। কিন্তু ওহে মুসলিম যুবকেরা! আমার আশপাশে তো আমি তোমাদের দেখতে পাচ্ছি না। আমাকে বলা হচ্ছে, বাবরী মসজিদ! ওহে বাবরী মসজিদ!! তুমি মুসলমান নওজোয়ানদের কথা ভুলে যাও! তুমি তোমার চারপাশে যাদের দেখতে পাচ্ছো এরা হলো হিন্দু নওজোয়ান। যাদের মাথায় নিজেদের ধর্মের চিন্তা রয়েছে। যাদের মন্দিরের প্রতি ভালবাসা রয়েছে। মুসলমান নওজোয়ানরা আজ আর এরকম নেই, তাদের উত্তপ্ত খুন এখন ঠাণ্ডা হয়ে গেছে। তারা তাদের আত্মমর্যাদার কথা ভুলে গেছে। তারা নওজোয়ান হলেও যেন আর নওজোয়ান নেই। তাদের মাঝে শক্তি ও বাহাদুরী প্রদর্শনের সামর্থ আর বাকি নেই। একথা শুনে আমি অস্থির হয়ে নড়ে উঠি। অমি বলি, কস্মিনকালেও নয়। মুসলমান নওজোয়ানেরা হয়ত অবশ্যই আসছে। এমনটি হতেই পারে না যে, তারা আসবে না। অচিরেই তারা আমার সংরক্ষণের জন্য ঝাঁকে ঝাঁকে এসে আমার চারপাশে জড়ো হবে। এরপর তারা ঐসব হাত ভেংগে গুঁড়িয়ে দিবে, যে হাত আমার অবমাননার জন্য সামনে বাড়ানো হবে। তারা ঐসব চোখ উপড়ে ফেলে দিবে, যে চোখ আমার স্থানে রাম মন্দির দেখার খোশখাব দেখে, তারা এসে ঐসকল শয়তানী মস্তকের খুলি উড়িয়ে দিবে-যারা আমাকে বেইজ্জত করার ধৃষ্ঠতা প্রদর্শন করছে।

তোমরা অচিরেই দেখতে পাবে মুসলমান নওজোয়ানেরা এসে আমার দুশমনদের মুর্দা লাশের স্তুপে পরিণত করে দিবে। কিন্তু আমার এসব কথার জবাবও আমাকে এভাবেই দেয়া হচ্ছে, বাবরী মসজিদ! এসব শুধুই তোমার সু-ধারণা মাত্র, এগুলো তোমার কল্পনা বিলাস ছাড়া কিছুই নয়। মুসলমান

নওজোয়ানদের মাথায় তোমার চিন্তাটুকু পর্যন্ত নেই। তোমাকে নিয়ে ভাববার সময়ও তাদের নেই। তাদের চিৎকার এখন অর্থহীন হয়ে পড়েছে। তাদের সাহসী হুংকার আজ থেমে গেছে। তারা আজ ছড়িয়ে ছিটিয়ে রয়েছে।

বাবরী মসজিদ! এখন তুমি মর্যাদার স্বপ্ন দেখা ছেড়ে দাও। যদি তোমার ধর্মের অনুসারীদের দেহে সামান্যও প্রাণ সঞ্চারিত হত যদি তাদের মাঝে কিছুটা হলেও চেতনার অনুভূতি বিরাজ করতো তবে বুখারার মসজিদগুলো শারাবখানায় পরিণত হলো কীভাবে ? যদি তোমার নওজোয়ানদের দেহে প্রাণ থাকতো তবে মসজিদে আকসার মত তোমাদের পবিত্র নিদর্শনের ক্ষেত্রে ইহুদী সম্প্রদায় তথাকথিত সুলাইমানী মডেলে পুনঃনির্মাণের স্বপ্ন দেখে কীভাবে ?

কিন্তু!

আমি চিৎকার করে বলে উঠি, কস্মিনকালেও এমনটি হবে না। আমার দৃঢ়বিশ্বাস আমার নওজোয়ানেরা অবশ্যই ধেয়ে আসবে। আমি আফগানের মাটি থেকে বীরত্ব ও বাহাদুরীর ঘ্রাণ পাচ্ছি। আমি কাশ্মীর থেকে আলোর জোতির্ময় কিরণ দেখতে পাচ্ছি। আমি মাহমূদ গজনবীর হুংকার আর মুহাম্মাদ বিন কাসিমের বীরদর্পে এগিয়ে চলার দৃশ্য প্রত্যক্ষ করছি। আমার নযরে ভাসছে আবদালীর বিজয়ী বেশে চলার পদাঙ্ক অনুসারী যুবকের কাফেলা। আমার বিশ্বাস, আমাকে ছেড়ে আজ যারা পাকিস্তানে বসবাস করছে, যারা স্বাধীনতা অর্জন করে নিজেদের আযাদ ইসলামী ভুখণ্ডে দিন গুজরান করছে তারা আজ আমার সংরক্ষণে এগিয়ে আসবে, অবশ্যই আসবে। মুসা বিন নাসীর এবং দ্বিতীয় সুলতান মুহাম্মাদ শাহ-এর রূহানী সন্তানেরা আমার ধ্বংসকে কশ্মিনকালেও মেনে নিবে না, বরদাশত করবে না।

কিন্তু গো-পূজারী হিন্দুগোষ্ঠী আমার মুখের উপর বলে দিচ্ছে, বাবরী মসজিদ! মুসলিম যুবকেরা আসবে না। আমি বলি হ্যা, হ্যা, হ্যা, অবশ্যই আসবে। কিন্তু আমাকে বলা হয়, মুসলমান নওজোয়ান কোনদিনও আসবে না। এ সুযোগে আমরা তোমাকে গলা টিপে হত্যা করবো। কোন স্থানে থেকে তেমন কোন প্রতিবাদী আওয়াযও তুমি শুনতে পাবে না।

আমি অত্যন্ত দৃঢ়তার সাথে চিৎকার করে হিন্দুদেরে বলে যাচ্ছি, আমার আলেম সমাজ তো অবশ্যই আসবেন। আর যখন তাঁরা ময়দানে অবতীর্ণ

হবেন তখন সফলতা ও বিজয় তাঁদেরই পদচুম্বন করবে। কেননা তাঁরা হলেন প্রিয়নবী হযরত সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ওয়ারিছ, তারা কী করে এটা সহ্য করতে পারবেন যে, আল্লাহ্ পাকের যমীন থেকে তার একটি ঘর ভেংগে চুরমার করে দেয়া হবে।

হিন্দুগোষ্ঠী সাবধান!

অচিরেই এ উম্মতের উলামায়ে কিরাম তাদের নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর পদাঙ্ক অনুসরণ করে, অস্ত্র হাতে নিয়ে, শাহাদতের প্রেরণায় উজ্জীবিত হয়ে ঝড়ের বেগে এগিয়ে আসবে আর তোমাদের স্রোতের মত ভাসিয়ে নিয়ে যাবে। তারা মেঘের মত গর্জে উঠবে এবং বিদ্যুৎগতিতে তোমাদের উপর ঝাঁপিয়ে পড়বে। তারা তাদের খুনে গঙ্গা আর যমুনার পানি লাল করে দিয়ে হলেও আমার দিকে উত্তোলিত সকল রক্তচক্ষুকে উপড়ে ফেলে দিবে।

কিন্তু! অত্যাচারী হিন্দুগোষ্ঠী ভয়ানকভাবে অট্টহাসিতে ফেটে পড়ে। উপহাসভরা ভাষায় আমার অন্তরটা ব্যথা জর্জরিত করে দিয়ে বলে উঠে, বাবরী মসজিদ! তোমার স্থানে মন্দিরই রচিত হবে। তোমার ক্রন্দন নিষ্ফল, তোমার অশ্রু বেকার। তোমার চিৎকার অচিরেই অতীত উপাখ্যানে পরিণত হবে। তোমার আহাজারী হিন্দুদের হাসাতেই শুধু পারবে কিন্তু কোন মুসলমানকে এখানে হাজির করতে পারবে না। তোমার মাতমে আসমান টলে উঠতে পারে ঠিক কিন্তু মুসলমানদের আত্মসম্মানবোধের চেতনা সৃষ্টি করতে সক্ষম হবে না।

খুব ভাল করে শুনে রাখ! কোন আলেম তোমার সংরক্ষণে এগিয়ে আসবে না। হ্যা, হ্যা, হ্যা! আমাদের মনে যদি এ বিশ্বাস হতো এমনকি যদি আমরা এতটুকু আশঙ্কাও করতাম যে, কোন আলেমের মাঝে এতটুকু সাহস অবশিষ্ট আছে যার দরুণ সে তোমাকে সংরক্ষণের জন্য এগিয়ে আসতে পারে, তাহলে তো আমরা তোমার উপর আক্রমণই করতাম না। যদি আমাদের এমন কোন ধারণাও সৃষ্টি হতো যে বর্তমান ঐ মুত্যুপুরী থেকে জেগে উঠে কোন ভয়ভীতি না করে মুসলমানেরা ঝাঁপিয়ে পড়বে, তবে তো কস্মিনকালেও তোমার উপর হামলা করার মত ভুল আমরা করতাম না।

কিন্তু! আমাদের এ দৃঢ়বিশ্বাস ছিলো যে, তোমার সম্প্রদায়ের আলেমরা খু-উ-ব ব্যস্ত। তারা নিজ নিজ স্থানে জিহাদ করে সওয়াব হাসিল করছে।

তারা তোমার জন্য এখানে এসে জীবন দেয়া তো দূরের কথা তারা তোমার বিষয়টা একটু চিন্তাও করবে না। এ জন্য আমরা নির্ভয়ে, শঙ্কামুক্তভাবে তোমার উপর ঝাঁপিয়ে পড়েছি এবং তোমার দেয়াল ধ্বসিয়ে দিয়েছি। তোমার একটি উল্লেখযোগ্য অংশকে ভেংগে গুঁড়িয়ে আমরা ময়লা আবর্জনার স্তূপের মধ্যে ফেলে দিয়েছি। অচিরেই বাকী অংশও ভেংগে চুরমার করে দেয়া হবে, হা-হা-হো-হো! আমরা ফূর্তি করে তোমাদের কুরআন জ্বালিয়ে ভষ্মিভূত করবো, আর তার ছাইগুলো হাওয়ায় উড়িয়ে দিবো। আমরা তোমাকে নিশ্চিহ্ন করে দিবো, আমাদের কাছে কেউ জিজ্ঞাসা পর্যন্ত করার থাকবে না। সুতরাং বাবরী মসজিদ! তুমি তোমার আহাজারী ছেড়ে দাও! তোমার এসব আহজারীর আওয়ায কাউকেই তোমার প্রতি দৃষ্টি ফেরাতে বাধ্য করতে পারবে না।

কিন্তু আমি!

সে ছিলো এক আবেগপূর্ণ হৃদয়গ্রাহী দৃশ্য, ছিলো অনুভূতি ও আবেগের একটি সমুদ্র যা তার উভয়কুল থেকেই যেন উথলে উঠেছিলো। ঐ ছিনতাইকারী যাদেরকে সন্ত্রাসী ও কঠোর বলে প্রচার করা হয়, আজ তাদের স্বাভাবিক মানবিক অনুভূতি থেকেই তাদের দু'চোখ জুড়ে বেরিয়ে এলো অশ্রুবান। যদি বিশ্ববাসী তাদের চোখের এ অশ্রু দেখতে পেতো, তাহলে তারা বুঝতে পারতো যে, এ নরম মনের যুবকদেরকে কোন জিনিস এ কঠোর পদক্ষেপ নিতে বাধ্য করেছে, যে পদক্ষেপকে সারা দুনিয়া নিন্দা করেছে। নিঃসন্দেহে ইন্ডিয়ার অত্যাচার এবং তাদের হিংস্র ও জংলী আচরণ ও মনোবৃত্তির কারণেই এ নবীন মুসলমান নওজোয়ানেরা এ চূড়ান্ত পদক্ষেপ গ্রহণে বাধ্য হয়েছে। এ দুজন যুবকই অত্যন্ত অস্থিরভাবে ক্রন্দনরত অবস্থায় আমার সিনার সাথে লেগে যাওয়ার চেষ্টা করছিলো। ইতিমধ্যে তালিবান

ডিবিশন প্রধান এসে মধ্যখানে বাঁধ সাধলেন এবং তিনি ঐ দুই যুবককে জিজ্ঞাসা করলেন, আপনারা নিশ্চিত হতে পেরেছেন ? তার একথা শুনে ছিনতাইকারী দুই যুবক এতটাই হতচকিত হয়ে উঠলেন যেন তাদেরকে কেউ ঘুম থেকে জাগিয়ে তুলছে। তখন তারা খুব দ্রুত আমাকে কয়েকটি প্রশ্ন করলেন এবং ডিবিশন প্রধানের কাছে তাদের নিশ্চিত হওয়ার বিষয়টি জানিয়ে দিলেন। এরপর দুজনের মধ্যে উন্নত ও সুদর্শন পোশাক পরিহিত ব্যক্তি যেজন সম্ভবতঃ ছিনতাইকারীদের কমান্ডার ছিলো সে গাড়ীর জানালা দিয়ে কিছু একটা ইশারা করলো, যা দেখে বাকী ছিনতাইকারীরাও বিমান থেকে নেমে এলো এবং খুব দ্রুত দৌড়ে এসে গাড়ীতে উঠে পড়লো। চূড়ান্ত পর্যায়ের আবেগ পূর্ণমুহূর্ত হওয়া সত্ত্বেও ঐ ছিনতাইকারী পাঁচজনই তাদের নিয়ম-নীতি ও ভাব গাম্ভীর্যতার উপর স্থির থাকলো এবং কোন অবস্থাতেই তাদের অস্ত্র নিজের কাছ থেকে পৃথক করলো না। আর সর্বাবস্থায় তারা তাদের কমান্ডারকে এমনভাবে অনুকরণ করছিলো যা দৃষ্টান্ত হয়ে থাকার মত।

পাঁচজন ছিনতাইকারী তালিবান প্রশাসনের একজন উচ্চপদস্থ ব্যক্তিকে জামানত হিসেবে নিজেদের সাথে গাড়ীতে উঠিয়ে নিলো এবং খুব দ্রুতগতিতে গাড়িটি কান্দাহার বিমানবন্দরের বাইরে চলে এলো। আমার সংশয় হচ্ছিলো যে, শেষ সময় আরো কোন প্রতিবন্ধকতা বা জটিলতা সামনে এসে পড়ে কি না। কিংবা কত ঘণ্টা বিলম্ব করতে হয় কে জানে ? কিন্তু তেমন কিছুই হলো না। বরং তালিবানদের উচ্চাংগের রাজনৈতিক অভিজ্ঞতা ও বিচক্ষণতা এবং বিষয়টি তারা অত্যন্ত কঠোরভাবে নিয়ন্ত্রণ করার কারণে মাত্র কয়েক মিনিটেই ঐ সকল বিষয়গুলো সমাধা হয়ে গেলো, যে কাজের জন্য কয়েক ঘণ্টা সময় লেগে যাওয়া একটি স্বাভাবিক ব্যাপার।

তালিবানগণ সারাবিশ্বে একথা প্রমাণ করে দিয়েছেন যে, তারা আন্তর্জাতিক বিষয়াদি অত্যন্ত দক্ষতার সাথেই বুঝেন এবং তা সমাধা করার মত উন্নত যোগ্যতা ও অভিজ্ঞতা তাদের আছে।

যে দিন আমার দুই হাত বেঁধে একটি ট্রাকে চড়িয়ে দেয়া হয়েছিলো সেটিও ছিলো পবিত্র জুমুআর দিন এবং সে ট্রাক আমাকে ঐ কারাগারের দিকে নিয়ে যাচ্ছিলো যেখান থেকে সূচনা হয়েছিলো আমার দীর্ঘ বন্দী জীবনের। আর আজকেও একটি জুমুআর পবিত্রতম দিন। আজ আমার উভয় হাত খোলা এবং আমি তালিবানদের গাড়ীতে ঐ আযাদীর জীবনের দিকে অগ্রসর হচ্ছি যে আযাদীর ব্যাপারে আমার দু'আ নিম্নরূপ-

আয় আল্লাহ! আজকের এ আযাদীকে আপনি কাশ্মীর, বাবরী মসজিদ এবং মসজিদে আকসার মুক্তির ভূমিকা হিসেবে কবুল করুন। আমীন ইয়া রাব্বাসশুহাদা-য়ে ওয়াল মুজাহিদীন।

মুক্তি পাওয়ার পর করাচী পৌঁছে দারুল উলূম কোরংগীতে

মাওলানা মাসঊদ আযহারের ঐতিহাসিক ভাষণ

نَحْمَدُهٗ وَنُصَلِّیْ عَلٰی رَسُوْلِهِ الْکَرِیْمِ اَمَّا بَعْدُ فَاَعُوْذُ بِاللّٰهِ مِنَ الشَّیْطَانِ الرَّجِیْمِ بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ وَمَالَکُمْ لَاتُقَاتِلُوْنَ فِیْ سَبِیْلِ اللّٰهِ وَالْمُسْتَضْعَفِیْنَ مِنَ الرِّجَالِ وَالنِّسَاءِ وَالْوِلْدَانِ الَّذِیْنَ یَقُوْلُوْنَ رَبَّنَااَخْرِجْنَا مِن هٰذِهِ الْقَرْیَةِ الظَّالِمِ اَهْلُهَا وَاجْعَلْ لَّنَامِنْ لَّدُنْكَ وَلِیًّا وَّاجْعَلْ لَّنَا مِنْ لَّدُنْكَ نَصِیْرًا صَدَقَ اللّٰهُ مَوْلٰنَا الْعَظِیْمُ

اسلام کی فطرت میں قدرت نے لچک دی ہے
یہ اتنا ہی ابھرے گا جتنا کہ دبا دیں گے
اسلام کے شیروں کو مت چھیڑنا تم ورنہ
یہ مٹتے مٹاتے بھی دنیا کو مٹا دیں گے

ইসলাম সেতো দুর্জয় চির
পারবে না কেউ দাবিয়ে দিতে,
দীনের নির্ভীক সৈনিকেরা
প্রস্তুত সদা জীবন দিতে।
তাগুতী দম্ভ চূর্ণ করতে
মুজাহিদ সদা অকুতোভয়,

মরণপণে জিহাদ করে
ছিনিয়ে আনবে দীনের জয়।

মুহতারাম হযরত মুফতীয়ে আযম দামাত বারাকাতুহুম-এর হুকুমে আমি আজ এখানে (করাচীস্থ দারুল উলূম কোরংগী) আপনাদের সামনে দাঁড়িয়েছি। আমার দীর্ঘ কারাবাসকালীন সময়ে যখন মুহতারাম হযরত মাওলানা সুবহান মাহমূদ সাহেব (রহঃ)-এর ইন্তিকালের সংবাদ শুনেছি তখন আমার হৃদয়মন কেঁদে উঠেছিলো। ক্লান্ত ও মর্মাহত মনে তখন ভাবছিলাম, এ যুবক বয়সেও আমি আজ আমাদের পূর্বসূরিদের জানাযা কাঁধে করে বহন করার সৌভাগ্য থেকেও বঞ্চিত। তাদের কবরের পার্শ্বে দাঁড়িয়ে একটু দু'আ কালাম পাঠ করার সুযোগও আজ নসীব হচ্ছে না। তাদের দরবারে উপস্থিত হয়ে একটু ফয়েয ও বরকত লাভেরও সুযোগ পাচ্ছি না। মুক্ত জীবনে ইচ্ছা হলেই বুযুর্গানে দীনের মজলিসে উপস্থিত হয়ে যেতে পারতাম। মাত্র দু'মিনিটের বরকতময় সাক্ষাতেই মনে এক আশ্চর্য প্রশান্তি লাভ করতে পারতাম। কিন্তু এখন আমার চতুর্দিকে রয়েছে ইসলাম বিদ্বেষী কাফিরদের পাহারাদারী।

এ জন্য যখন মুক্তি লাভ করলাম তখন প্রথমেই আমাদের পূর্বসূরি আকাবীরগণের খিদমতে হাযিরা দেয়ার সৌভাগ্য লাভ করছি। এ মহান নি'আমতের জন্য আল্লাহ পাকের যত বেশি শুকরিয়া আদায় করি তা কমই হবে। বরং এ নি'আমতের শোকর আদায় করাই সম্ভব নয়।

আজ আমার মোটেও কোন বয়ান করার ইচ্ছা যেমন ছিলো না, তেমনি এ ধরনের কোন কর্মসূচী বা বিষয়বস্তুও মাথায় নেই। কারণ এখনই খুব দ্রুত আমাকে চলে যেতে হবে। কেননা দেরি করা হলে অনেক কাজ বাকী থেকে যাবে, অনেক সমস্যাও রয়েছে। তা সত্ত্বেও হযরত মুফতী সাহেব হুযূরের হুকুম আমাদের কাছে অনেক মূল্যবান সম্পদ, যে হুকুমের মর্যাদা আমাদের নিকট অনেক বেশি। আর এখন সারাবিশ্বের কাফির মুশরিকরাও একথা বুঝতে পেরেছে যে, মাদরাসার এসব লোকদের কাছে বুশ-ক্লিন্টনের হুকুমের সামান্যতম কোন মূল্য যেমন নেই তেমনি অন্য কোন দুনিয়াদার সে যতই প্রভাব প্রতিপত্তির অধিকারী হোক না কেন তার হুকুমের কোন গুরুত্ব নেই;

কিন্তু উম্মতে মুসলিমার বড় ও মুরব্বী ব্যক্তিগণ যখন কোন নির্দেশ দেন তখন যে কোন মূল্যের বিনিময়ে তারা তা পালন করতে চেষ্টা করে। এ ক্ষেত্রে দুনিয়ার কোন শক্তিই তাদেরকে প্রতিহত করতে পারে না।

আমাকে বলা হচ্ছিলো, আরো অনেক লোক তো গ্রেফতার হয়েছে কিন্তু যখন তুমি গ্রেফতার হলে তখন থেকে আর আমরা কোন স্থিরতা পাচ্ছিলাম না। তোমার জন্য সর্বদাই একটা অস্থির অবস্থা বিরাজমান ছিলো। কখনো কোথাও কোন একশন হলে বা কোথাও কোন বিশেষ অপারেশন বা তৎপরতা চালানো হলে সকলেরই দাবী একটা যে, মাসউদ আযহারকে মুক্তি দাও।

আমি তার জবাবে বলেছি, আমার মাঝে কোন বিশেষ যোগ্যতা বা কৃতিত্বের কিছু নেই। তবে এতটুকু যে, আমার সম্পর্ক মাদ্‌রাসার সাথে, আর মাদরাসা হলো পৃথিবীর সবচাইতে শক্তিশালী স্থান, সেখানে লালন করা হয় ঈমান, শিক্ষা দেয়া হয় ঈমানী সম্পর্কের মূল্যায়ন, যেখানে একজনের সাথে আরেকজনের রক্তের বন্ধন সৃষ্টি করা হয়, যেখানে স্থাপন করা হয় একের সাথে অপরের আত্মিক সম্পর্ক।

ওহে ইসলাম বিদ্বেষী শক্তি! তোমরা তো বস্তুতান্ত্রিকতায় লিপ্ত হয়ে পিতা-মাতার সম্পর্ককেও ভুলে যাও, স্বামী-স্ত্রীর সম্পর্কও তোমরা খুইয়ে দিয়েছো। অথচ আমাদের সম্পর্কের নমুনা দেখ! আমাদের মধ্যে একজন যদি কাবুলের অধিবাসী হয় আর অপরজন যদি পাঞ্জাবের অধিবাসী হয়, এরপর তারা যদি দারুল উলূমে নিজের উস্তাদের সামনে কখনো এক চাটাইয়ের উপর বসে তবে আমাদের অন্তরে এমন গভীর বন্ধনের সৃষ্টি হয় যা দুনিয়ার কোন শক্তিই ছিন্ন করতে সক্ষম হয় না।

যখন হিন্দুস্তানে গেলাম

আমি যখন পাকিস্তান থেকে হিন্দুস্তান গেলাম, সেখানেও সর্বপ্রথম আমি আমাদের আকাবির তথা ইসলামের বড় ও মুরব্বীজনদের দরবারে হাজির হয়েছি। থানাভোনে হযরত হাকীমুল উম্মত, মুজাদ্দিদে মিল্লাত (রহঃ)-এর দরবারে হাযির হওয়ার সৌভাগ্য লাভ হয়েছে। হযরত হাফেয যামেন শহীদ (রহঃ)-এর কদমে হাযিরা দেয়ার খোশ নসীব হয়েছে। এছাড়া যখন মাযারে

কাসেমীতে হাযির হয়েছি তখন চতুর্দিকে আমাদের আকাবিরদের গৌরবগাথা পরিলক্ষিত হয়েছে। মনের অজান্তে দু'হাত আকাশের দিকে উঠে গেছে, মুখ থেকে বেরিয়েছে ফরিয়াদের বাণী - আয় আল্লাহ! এ সকল মহান বুযুর্গানে দ্বীনের সাথে আমার সম্পৃক্ততা তৈরি করে দাও! যাঁদের এ উম্মতের প্রতি এত অধিক ইহসান রয়েছে, উম্মতের এত বেশি কল্যাণ তারা সাধন করেছেন যা অন্যদের দ্বারা হয়নি। আজকের বিশ্ব হাজারো রকমের ভ্রষ্টতায় নিমজ্জিত। কেউ হযরত সাহাবায়ে কিরামের (রাযিঃ) প্রতি বিদ্বেষ পোষণ করে, কেউ ইমামগণের প্রতি দুশমনী পোষণ করে আবার কেউ পূর্বসূরি বুযুর্গানে দীনের উপর আপত্তিকর মন্তব্য করে। তাদের কারোই পূর্ববর্তী নেক বান্দাদের প্রতি নির্ভরতা ও ভক্তি শ্রদ্ধা নেই। কিন্তু হে বিশ্ববাসী! আমাদের অন্তরের প্রতি তাকিয়ে দেখ! আমাদের দিলের কোথাও কোন একজন সাহাবীর (রাযিঃ) প্রতি সামান্যতম কোন বিদ্বেষ নেই । নেই কোন তাবেয়ীর প্রতি বিন্দুমাত্র অশ্রদ্ধা। কোন ইমাম বা মুহাদ্দিসের প্রতি অন্তরে নেই সামান্যতম অভক্তি। এসব কিসের বরকত ?

এসবই হচ্ছে আমাদের ঐ আকাবিরে উম্মতের বরকত যাঁরা আমাদেরকে ইসলামের বিশুদ্ধ আকীদা-বিশ্বাসের তা'লীম দিয়ে গেছেন, যারা আমাদেরকে সঠিক ইসলামী দৃষ্টিভঙ্গি বাতলে দিয়েছেন। নাউযুবিল্লাহ যদি তারা আমাদেরকে কোন ভ্রান্ত ধ্যান-ধারণার তা'লীম দিতেন তাহলে আজ আমাদেরকেও হয়তো সাহাবা (রাযিঃ) গণের প্রতি বিদ্বেষ মনে নিয়ে মরতে হতো। যদি আমাদের পূর্বসূরিগণ আমাদেরকে কোন ভ্রান্ত বিশ্বাসের প্রশিক্ষণ দিতেন তবে আমরাও হয়তো আমাদের আকাবির ইমামদের ব্যাপারে বেয়াদবীমূলক মন্তব্য করে নিজেদেরকে জাহান্নামের দিকে ঠেলে দিতাম। যদি আমাদের পূর্ববর্তী মুরব্বীগণ আমাদেরকে সুযোগ সন্ধানী মানসিকতায় গড়ে তুলতেন তাহলে আমরাও হয়তো আজ শুধু নামেমাত্র মুসলমান থাকতাম, মন ও মানসিকতায় কুফরী ঢুকে পড়তো। আকীদা বিশ্বাসও আমাদের হতো ভিন্ন। আমল আখলাক হতো অন্য রকম। কিন্তু আমাদের আকাবিরগণের প্রতি কোরবান হোক আমাদের সর্বস্ব। তারা আমাদেরকে ঈমানী আকীদা-বিশ্বাসের শিক্ষা দিয়েছেন, ধ্যান-ধারণা, মত ও পথ ইত্যাদি ও

ঈমানী নূরে নূরানী করে বাতলে দিয়েছেন। মন-মানসিকতাও তৈরি করে দিয়ে গেছেন ঈমানের আলোয় আলোকিত করে। নিয়্যতকেও করে দিয়েছেন পরিশুদ্ধ। আর তাই আজ তাদের উত্তরসূরিরা দুনিয়াতে এমন এক রাজত্বের প্রতিষ্ঠা করেছে যে, যখন কান্দাহার বিমানবন্দরে একটি বিমান অবতরণ করে এবং তার হাইজ্যাক-সংক্রান্ত জটিলতা নিরসন করা কারো পক্ষে সম্ভব হয় না তখন মাটির বিছানায় চাটাইয়ের উপর বসে দরসে নিযামীর শিক্ষা গ্রহণকারী মুজাহিদ মোল্লা মুহাম্মাদ উমর সে জটিলতার এমন চমৎকার নিরসন করেন যা দেখে জাতিসংঘ পর্যন্ত একথা বলতে বাধ্য হয় যে, তাদের বিচক্ষণতা ও দূরদর্শিতা আমাদের জ্ঞান শক্তির ঊর্ধ্বে।

আমরা আমাদের পূর্বসূরি আকাবিরগণের দরবারে হাজির হলাম। সেখানে হাজির হওয়ার পর মনের মাঝে এরূপ জ্বলন সৃষ্টি হলো যে, আমাদের আকাবিরগণ তো বিভিন্ন মসজিদ তৈরিতে ব্যস্ত থেকেছেন, তারা তো মসজিদসমূহ আবাদ করার কাজে ব্যাপৃত ছিলেন। কিন্তু যখন তাদের চোখ বন্ধ হয়ে গেলো তখন ঐ জালিমগোষ্ঠী মসজিদ ভাংতে শুরু করলো। আমি অযোদ্ধা গিয়েছি, সেখানে বাবরী মসজিদের সামনে দাঁড়িয়েছি, সেখানে তখন একটি মন্দির নযরে আসছিলো। পূজা হচ্ছিলো। তখন আমার দিলে রক্তের অশ্রুর প্রবাহ শুরু হয়েছিলো। চতুর্দিকে পুলিশের প্রহরা ছিলো। তারা চোখ বড় বড় করে আমাকে তাকিয়ে দেখছিলো। কিন্তু আমার দৃষ্টি সে দিকে নয় বরং আমার দৃষ্টি অপলকনেত্রে তাকিয়ে ছিলো বাবরী মসজিদের কাঠামোর উপর। যেখানে নযরে আসছিলো একটি অপবিত্র মন্দির। বিধ্বস্ত মসজিদটি দেখে আমার মন কেঁদে উঠেছিলো সে দৃশ্য আমি বরদাশ্‌ত করতে পারছিলাম না। তখন আমি একটি কথাই বলছিলাম বাবরী মসজিদ! আমরা তোমার কাছে লজ্জিত, আজ আমরা অনুশোচনাগ্রস্ত। আমরা অত্যন্ত আফসোসের সাথে আজ তোমার এ কোরবানগাহ প্রত্যক্ষ করছি। কিন্তু আলহামদুলিল্লাহ! আজো আমরা সম্পূর্ণ নিভে যাইনি আমরা আজো শেষ হয়ে যাইনি। আমরা আজো মরে যাইনি, এখনো আমরা বেঁচে আছি। ইনশাআল্লাহ! আমরা পুনরায় আমাদের মসজিদকে প্রতিষ্ঠা করবো। আমাদের মসজিদ আমরা ফিরিয়ে নিবো।

আমরা তার পাওনা পুরোপুরি আদায় করে নিবো ইনশাআল্লাহ। সাথে সাথে এসব কিছুর হিসাব আমরা ইন্ডিয়ান জালিমদের কাছ থেকে নিয়েই ছাড়বো। আমরা হিসাব নিবো কড়ায়গন্ডায় ঐ টিকিধারী নির্বোধদের কাছ থেকে-যারা বাবরী মসজিদ ভাংগার দুঃসাহস দেখিয়েছে। যারা এর দ্বারা সারা দুনিয়ার শান্ত পরিস্থিতিকে উত্তপ্ত করে তুলেছে, ছড়িয়ে দিয়েছে ফিৎনা-ফাসাদ। আমরা শান্তিপ্রিয় মানুষ কিন্তু তাই বলে আমাদের শান্তির মূল কেন্দ্র মসজিদ আমাদের কাছ থেকে ছিনিয়ে নেয়া হবে আর আমরা শান্তিপ্রিয়তার অজুহাতে চুপটি মেরে বসে থাকবো এমনটি কশ্মিনকালেও হবে না।

আমরা শান্তিপ্রিয় জাতি কিন্তু আমরা একথাও জানি যে, মহান আল্লাহ আমাদেরকে এ অল্প সময়ের জীবন এ জন্য দিয়েছেন যাতে আমরা আমাদের ঈমান সংরক্ষণ করে চলি। যাতে মুসলমানদের দ্বীন ও ঈমান সংরক্ষিত থাকে। যাতে পবিত্র কুরআন সংরক্ষিত থাকে যাতে ইসলামের মাহাত্ম টিকে থাকে, যাতে উলামায়ে কিরাম সংরক্ষিত থাকেন, যথার্থ আকীদা যাতে বিনষ্ট হয়ে না যায়, যাতে মহান আল্লাহর যমীনে আল্লাহ পাকের বিধান বাস্তবায়িত হতে পারে। এবং এ জন্য আমাদের দুনিয়ায় পাঠানো হয়েছে যাতে ইসলামের আদর্শপূর্ণ নীতির স্পর্শে মানুষদেরকে সকল ভ্রান্ত ধ্যান-ধারণা থেকে মুক্ত করা যায়। এ প্রচেষ্টা আমরা কাল যেমন করেছি আজো তেমনি করবো। ভবিষ্যতেও চালিয়ে যাবো, নির্ভয়ে কিয়ামত পর্যন্ত আমাদের এ মিশন চলতেই থাকবে ইনশাআল্লাহ।

আমাদের পূর্বসূরী বড়রা যেমনিভাবে হযরত সাহাবায়ে কিরামের সংগী হয়ে লড়াই করেছেন। আমাদের উত্তরসূরী ছোটরা তেমনি হযরত ঈসা (আঃ)-এর সংগী হয়ে জিহাদ করবে ইনশাআল্লাহ।

অত্যাচার যতই তীব্র হলো

আমি আমার ঐ সকল পূর্বসূরি আকাবিরে দীনের কথা অন্তরে স্মরণ করে, তাদের প্রতি মহব্বত ও ভালবাসার চেরাগ আত্মার মাঝে প্রজ্জ্বলিত করে, শুকরিয়ার অশ্রু বিসর্জন দিতে দিতে কাশ্মীর গিয়ে হাযির হলাম।

হযরত মুফতী সাহেব (দাঃ বাঃ) এইমাত্র বলেছেন যে, "আমি জানি না ভারতকে কোন পাগলা কুকুরে কামড় দিয়েছে, নাকি অন্য কিছুতে দংশন করেছে," তারা আমাকে গ্রেফতার করলো। কিন্তু আলহামদুলিল্লাহ! আমি তো সকাল বিকাল শুধু আল্লাহ পাকের শোকরর আদায় করে যাচ্ছিলাম। কিন্তু ইন্ডিয়া সকাল বিকাল শুধু অনুশোচনাই করে যাচ্ছিলো। আমি তো তখন স্মরণ করছিলাম একথা যে, আমাদের পূর্বসূরি আকাবিরগণও এরকম জেল জুলুম সহ্য করেছেন। তাঁদের সাথে সম্পর্ক সৃষ্টির জন্য আমার শরীরটাকে যদি আক্রমণের লক্ষ্যস্থলে পরিণত করা হয় তবে তা আমার জন্য সৌভাগ্যের কারণ।

جو لگتا ہے کوئی کنکر بدن پر دین کی خاطر
تو دل کو وادی طائف کے پتھر یاد آتے ہیں

দীনের জন্য শরীরে যখন
প্রস্তর খণ্ড হানে আঘাত,
তায়েফের স্মৃতি হৃদয় মাঝে
নতুনভাবে হয় আবাদ।

তায়েফ উপত্যকায় কার গায়ে পাথর নিক্ষিপ্ত হয়েছিলো, সেখানে কোন্ খুন ঝরেছিলো। মক্কার অলিগলিতে, মক্কার মাঠ-প্রান্তরে আহাদ আহাদ শব্দের আওয়ায কখন গুঞ্জরিত হয়েছিলো ? এটি একটি পুরানো রীতি যা পূর্ব থেকেই চলে আসছে, এখনো চলছে আর ভবিষ্যতেও চলতে থাকবে ইনশাআল্লাহ।

আমি মহান আল্লাহ পাকের দরবারে শোকর আদায় করছি আমার ঐ সকল শ্রদ্ধাভাজন আকাবিরগণের যারা আমাকে একদিনের জন্যও বিস্মৃত করে দেননি। তাদের দু'আ, তাদের সালাম, তাদের মহব্বতের প্রমাণ আমি সে বন্দীশালায় থেকেও পেয়েছি এবং তা আমার অন্তরে প্রশান্তি লাভের একটি বিশেষ কারণ ছিলো।

রাতের অন্ধকারে আমার দুশমনরা ভাবতো যে, আমরা তাকে নিঃসঙ্গ করে দিয়েছি। আজ রাতেই সে আত্মহত্যা করবে, তার উপর যে নির্যাতন চালানো হয়েছে, তার উপর যে কঠোর নিপীড়ন করা হয়েছে তাতে হয়তো বা সে আজ রাতেই আত্মহত্যা করবে আথবা কারাগারের দরজায় কড়া নেড়ে জানিয়ে দিবে যে, আমি ঈমান পরিত্যাগ করলাম, আমি জিহাদ করা থেকে তাওবা করে নিলাম। তারা উল্লাস করে আমাকে আটকে রেখে যেতো অথচ তার সামান্য পরেই আমার হাতে উঠে আসতো আল্লামা মুফতী তাকী উসমানীর "জাহানে দীদাহ" নামক ভ্রমণকাহিনী। আমি তখন মাওলানা তাকী উসমানী সাহেবের সাথে বিভিন্ন দেশ ঘুরে বেড়াতাম। এমন কি আছে যা আমাদের মুরব্বীগণ আমাদের দিয়ে যাননি। তারা সবকিছুই আমাদেরকে দিয়ে গেছেন। বন্দীশালার অন্ধকার প্রকোষ্ঠেও আমাদের হাতে তাদের তোহফা পৌঁছে গেছে, তাদের গবেষণামূলক মূল্যবান সম্পদ আমরা পাচ্ছি। শুধু দুঃখ ও অনুশোচনা এ কারণে যে, আমরা এসব কিছুই দূর থেকে দেখছি, হায়! যদি তাদের কাছে গিয়ে তাদের কদমে হাযির হয়ে তাদের এ সব কথা শুনতে পারতাম।

দুশমন দল আমাদের দৃষ্টিভঙ্গি পরিবর্তন করতে চেয়েছে কিন্তু তা তারা কী করে করবে? কারণ আমাদের মুরব্বী ও আকাবিরগণের দৃষ্টিভঙ্গি তো লিপিবদ্ধ অবস্থায় আমাদের হাতে উপস্থিত ছিলো। তারা আমাদের আকীদা বিশ্বাস নষ্ট করতে চেয়েছে, যাতে মহান আল্লাহর দিক থেকে আমাদের দৃষ্টি ফিরে যায় এবং আমরা যাতে ঐ কাফিরদের সামনে মাথানত করে বলি, আমাদেরকে আর মেরো না, আমাদেরকে আর কষ্ট দিও না। কিন্তু কোনদিন একথা শোনার ভাগ্য তাদের হয়নি। তারা আমাদেরকে অনেক মেরেছে কিন্তু আমাদের চোখের পানি দেখার সুযোগ তাদের হয়নি। আমাদেরকে তারা অনেক কষ্ট দিয়েছে আমাদের প্রতি নির্যাতন নিপীড়ন চালিয়েছে কিন্তু আলহামদুলিল্লাহ! আমাদের মাথা তারা কখনো নত হতে দেখেনি। আমাদের আকাবিরগণ আমাদের পূর্বসূরি মুরব্বীগণের পরিপূর্ণ অতীত ইতিহাস লিপিবদ্ধ করে তা আমাদের হাতে দিয়ে গেছেন। আমরা রাতে বসে সে ইতিহাস পাঠ

করতাম আর দিনের বেলা বুকটান করে তাদের সকল অত্যাচার নির্যাতন সহ্য করার জন্য প্রস্তুত থাকতাম।

আমাদের আকাবিরগণ আমাদেরকে বলে গেছেন, হযরত ইমাম আবু হানীফা (রহঃ)-এর প্রতি নির্যাতনের কথা। তিনি লাশ হয়ে বন্দীশালা থেকে বের হয়েছিলেন। সুতরাং আমার খেয়াল হতো, যদি আগামীকাল আমারও লাশ হয়ে কারাগার থেকে ফিরতে হয় তাতে কিসের পরওয়া ? বরং মনে মনে এ আকাংখাও সৃষ্টি হতো। কারণ মুক্তাদী বা অনুসারী তো ইমামের পিছনেই চলে, তারই অনুসরণ করে। ইমাম আবু হানীফা (রহঃ)-এর অনুসারী হয়ে আমরা তো গর্ববোধ করি। যদি এ বিষয়টাতেও অনুসরণ হয়ে যেতো তবে তাতো ছিলো খুবই সৌভাগ্যের কথা।

সম্মানিত উপস্থিতি! আপনাদের খিদমতে আমার অনুরোধ আপনারা আমাদের আকাবিরগণের মূল্যায়ন করুন। তাদের লিখা কিতাবসমূহের প্রতি মর্যাদা প্রদর্শন করুন। মসজিদের সম্মান করুন। এসব জিনিষ যখন ছিনিয়ে নেয়া হয় তখন বড়ই ব্যথা লাগে এবং বার বার স্মরণ হতে থাকে।

আমাকে এখনই সফর করতে হবে। মনে তো চায় আরো অনেক কথা বলতে কিন্তু সময় যে নেই। এর আগেও আমি কয়েকবার করাচীস্থ এ দারুল উলূমে এসেছি। আপনাদের সাথে কথাও বলেছি। তাই আমি আশা করি আজ এখনই আপনারা আমাকে সন্তুষ্টচিত্তে বিদায় দিবেন। আর যেহেতু আপনারা তালিবে ইলম। আর দ্বীনী তালিবে ইলমগণ সারাবিশ্বে নিয়ম তান্ত্রিকতা ও সুশৃঙ্খলার এক নতুন ইতিহাস রচনা করেছে। আজ যদি আপনারা আমার সাথে মুসাফা ইত্যাদি করার জন্য জেদ করেন, তাহলে আমার আর সফর করা সম্ভব হবে না। এতে অনেক ক্ষতি হয়ে যাবে। আমি আশাকরি আপনারা আমার প্রতি মহব্বত দেখিয়ে আমাকে যাওয়ার জন্য রাস্তা ছেড়ে দিবেন, যাতে আমরা গাড়ীতে চড়েই এখান থেকে রওয়ানা করতে পারি।

বাহওয়ালপুরের ঐতিহাসিক ভাষণ

نَحْمَدُهٗ وَنُصَلِّی عَلٰی رَسُوْلِهِ الْکَرِیْمِ اَمَّابَعْدُ
فَاَعُوْذُبِاللّٰهِ مِنَ الشَّیْطَانِ الرَّجِیْمِ
بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ
کُتِبَ عَلَیْکُمُ الْقِتَالُ وَهُوَ کُرْهٌ لَّکُمْ وَعَسٰی اَنْتَکْرَهُوْا شَیْئًاوَّهُوَخَیْرٌلَّکُمْ وَعَسٰی
اَنْ یُّحِبُّوْاشَیْئًاوَّهُوَشَرٌّلَّکُمْ وَاللّٰهُ یَعْلَمُ وَاَنْتُمْ لَا تَعْلَمُوْنَ
وَقَالَ النَّبِیُّ صَلَّی اللّٰهُ عَلَیْهِ وَسَلَّمَ اَلْجِهَادُ مَاضٍ مُنْذُ بَعَثَنِیَ اللّٰهُ اِلٰی اَنَّ
اٰخِرَاُمَّتِیْ یُقَاتِلُ مَسِیْحَ الدَّجَّالَ
وَقَالَ النَّبِیُّ صَلَّی اللّٰهُ عَلَیْهِ وَسَلَّمَ عِصَابَتَانِ مِنْ اُمَّتِیْ اَحْرَزَهُمُ اللّٰهُ مِنَ النَّارِ
عِصْبَةٌ تَغْزُوا الْهِنْدَ وَعِصَابَةٌ تَغْزُوْا مَعَ عِیْسَی ابْنَ مَرْیَمَ

ہر سمت مچلتی کرنوں نے افسون شب غم توڑ دیا
اب جاگ اٹھے ہیں دیوانے دنیا کو جگا کر دم لیں گے
یہ بات عیاں ہے دنیا پر ہم پھول بھی تلوار بھی ہیں
یا بزم جہاں مہکائیں گے یا خون میں نہا کر دم لیں گے
سوچا ہے کفیل اب کچھ بھی ہو ہر حال میں اپنا حق لیں گے
عزت سے جئے تو جی لیں گے یا جام شہادت پی لیں گے

চারিদিকে ঐ আলোকরশ্মি
তাড়িয়ে দিয়েছে নিদ্রা ঘুম,
সিংহরা সব উঠেছে জাগি
বিশ্ব জাগাতে পড়েছে ধুম।

একদিকে মোরা খোলা তরবারী
অপর দিকে সুবাসী ফুল,
খুনরাঙা হবে বদন নয়তো
সুবাসিত হবে বিশ্বকুল।
ছিনিয়ে আনবো পাওনা মোদের
যতই আসুক বাধার ঝড়,
মাথা উঁচু করে বাঁচবো নয় তো
শহীদ হব দীনের পর

মুশরিকদের পরাজয় ও ইসলামের বিজয়

বাহওয়ালপুরের সম্মানিত ও সম্ভ্রান্ত মুসলিম ভায়েরা আমার! অতীতের সেই লোমহর্ষক ঘটনা স্মরণ করুন। মক্কার নেতা শ্রেণীর মুশরিকরা খোলা তরবারী হাতে নিয়ে একটি ঘর অবরোধ করে দাঁড়িয়ে আছে। সিদ্ধান্ত হয়ে আছে যে, আজ এ ধরায় এমন একটি গুনাহ করা হবে, এমন একটি অত্যাচারের নযীর স্থাপন করা হবে যে জুলুম ও অত্যাচারের পর দুনিয়া অত্যাচারের স্থায়ী নিবাসে পরিণত হবে। ওহে মক্কার মুশরিক সম্প্রদায়! ঠাণ্ডা মাথায় চিন্তা করো। স্থিরচিত্তে শুনে নাও! হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে শহীদ করার জন্য তোমরা আজ তাঁর ঘরের চতুর্দিকে একত্রিত হয়েছো, সকলেই নিজ নিজ হাতে নিয়েছো খোলা তরবারী। প্রিয়নবী হযরত সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঘরের মধ্যেই আছেন আর বাইরে অপেক্ষমান রয়েছে মুশরিক দল, অপেক্ষা করছে ভূতপূজারী গোষ্ঠী। একত্ববাদের ঘোষণা দানকারী এ লোকটি আজ যখন ঘরের বাইরে বের হবে তৎক্ষণাৎ তাকে টুকরো টুকরো করে ফেলা হবে এই তাদের সংকল্প।

কিন্তু আমার মহান প্রভুর কুদরত লক্ষ্য করো, আকায়ে নামদার তখনই ঘর থেকে বেরোলেন, নিজের হাতে নিলেন ধুলো আর সে ধুলো তাদের মুখের উপর মেরে দিয়ে তাদের ভীড়ের মধ্য দিয়েই বেরিয়ে এলেন। কিছুক্ষণ পর মুশরিকরা দেখতে পেলো ঘর শূন্য। মদীনার মুনিব মদীনার পথে রওয়ানা হয়ে গেছেন।

মুশরিকরা পুনরায় তাঁকে অবরোধ করার উদ্যোগ নিলো, গারে সত্তর অবরোধের চেষ্টা করলো। কিন্তু এখানেও তারা ব্যর্থ হলো, মহান প্রভু তাঁকে বিশেষ তত্ত্বাবধানে রক্ষা করলেন। দুশমন চেয়েছে হত্যা করতে কিন্তু আল্লাহ পাক চেয়েছেন বাঁচাতে " يَمْكُرُوْنَ وَيَمْكُرُاللّٰهُ" তারা বিভিন্ন ষড়যন্ত্র করে আর মহান আল্লাহও বিভিন্ন কৌশলে তা ব্যর্থ করেছেন। ফলে পরাজিত ও ব্যর্থ হয়ে মক্কার মুশরিক সম্প্রদায় কাঁদতে লাগলো। তাদের মধ্যে মাতম শুরু হলো মুহাম্মদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) চলে গেছেন, সম্পূর্ণ নিরাপদে চলে গেছেন। তারা তাঁকে ধরতেও পারেনি এবং প্রতিরোধ করতেও সক্ষম হয়নি। পারেনি তাঁকে শহীদ করতে এমনকি তার শরীরে কোন আঁচড়ও কাটতে সক্ষম হয়নি। মক্কার মাতম আজ থেমে গেছে। কিন্তু চৌদ্দশত বছর পর আজ এক নতুন দৃশ্য আবার আমাদেরকে দেখানো হচ্ছে। ভারতীয়রা শপথ করছে যে, মাসউদ আযহারকে আমরা ছাড়বো না। ভারতীয় প্রশাসন কসম করছে যে, আমরা এ লোকটিকে কোনক্রমেই মুক্তি দিবো না যে বাবরী মসজিদের কারণে আমাদের বিরুদ্ধে হুংকার মেরেছে, যে লোকটি সারা দুনিয়ায় মানুষের কানে জিহাদের দাওয়াত পৌঁছে দিচ্ছে, যে লোক সর্বদা কাঁধে ঝোলা নিয়ে ঘুরে বেড়ায় আর পাগলের মত মুসলমানদেরকে حی علی الجهاد " "আসো জিহাদের পথে" বলে ডাকতে থাকে। এখন সে আমাদের কব্জায় এসে গেছে। তোমরা কশ্মিনকালেও তাকে মুক্ত করার চেষ্টা করো না, কেননা জেলখানা থেকেই তার লাশ বেরোবে আর তাকে ইন্ডিয়ার মাটিতেই দাফন হতে হবে। কারণ আমাদের কাছে আছে চৌদ্দ লক্ষ সশস্ত্র সেনা, আরো আছে বি,এস,এফ-এর মত একটি শক্তিশালী প্রতিষ্ঠান। আমাদের আছে "র"-এর মত একটি গোপন এজেন্সী, "রাষ্ট্রীয় রাইফেল" নামের এক রক্তক্ষয়ী বাহিনী আমরা তৈরি করেছি। সুতরাং আমরা তাকে কোনদিনও ছাড়বো না। মুক্তি দিবো না। আমাদের কাছে এটম বোমা আছে, আমরা আণবিক শক্তির অধিকারী, আমরা তাকে ছাড়বো না। কিন্তু এখানে যারা বসে আছেন পাকিস্তানে যারা অবস্থান করছেন, যারা আছে ইংল্যান্ড ও সৌদী আরবে সে সব নিরস্ত্র মুসলিম মুজাহিদগণ বলছিলেন,

আমাদের প্রভু আমাদের এ প্রিয় দোস্তকে অবশ্যই মুক্ত করে আনবেন। ইন্ডিয়া বললো, ছাড়বো না। কিন্তু ৩১ শে ডিসেম্বর দিনটি ছিলো শুক্রবার। সে দিনটি এমন একটি দিন যেদিন সারা ইন্ডিয়ায় মাতম শুরু হয়ে গেছে? সে দিনটি তোমরা কেন কাঁদো? তোমাদের পররাষ্ট্রমন্ত্রী যশোবন্ত সিনহা তার কমান্ডো বাহিনীর নব্বই সদস্যকে সাথে নিয়ে নিজেদের পারমাণবিক শক্তির প্রতি থুথু মেরে এই সাধারণ মানুষটিকে একটি বিমানে উঠালো। আর তাকে নিরাপদ স্থানে পৌঁছে দিয়ে জানালো, আমরা তাকে ছেড়ে দিতে বাধ্য হয়েছি। এখন আর আমরা তাকে ইন্ডিয়ায় রাখতে পারছি না । আহ! আমার প্রভু, আপনি আজ থেকে চৌদ্দশত বছর পূর্বে আমাদের মুনিবকে মুক্ত করেছিলেন আর চৌদ্দশত বছর পর সে মুনিবের এক গোলামকে মুক্তি দিলেন। আজ মুশরিকগোষ্ঠী বলতে বাধ্য হচ্ছে যে, আমরা হেরে গেছি, মুসলমানগণ জিতে গেছে।

না'রায়ে তাকবীর - আল্লাহু আকবার।

সাবীলুনা সাবীলুনা - আল জিহাদ, আল জিহাদ।

তরীকুনা তরীকুনা - আল কিতাল আল কিতাল।

জিহাদের পথ কণ্টকাকীর্ণ

দুশমনগোষ্ঠী বলছিলো আমরা তাকে (মাসউদ আযহার) অনেক কষ্টে গ্রেফতার করেছি। সুতরাং তাকে আমরা ছাড়বো না। একথাও তারা বলছিলো যে, প্রয়োজন হলে সকল বন্দীদের ছেড়ে দিবো কিন্তু তাকে ছাড়বো না। সে এমন কি অপরাধ করেছে যার কারণে তাকে তোমরা ছাড়বে না ? তারা বলেছে, সে দুনিয়ার সবচাইতে বড় অপরাধ করেছে আর তা হলো, সে এ যুগে জিহাদের কথা বলে। আমি বলেছি, এ অপরাধ তো আমি জেলখানায়ও করবো। এ অপরাধ তো আমি তোমাদের কঠিন ও কণ্টকাকীর্ণ জেলখানায় এবং তোমাদের বন্দুকের নলের সামনে দাঁড়িয়েও করতে থাকবো।

কিন্তু আমার একথা দুশমনদের বুঝে এসেছে তখন, যখন কোট বাহওয়ালপুর জেলখানায় সেখানকার নয়শত কয়েদী আমার সামনে বসেছিলো

এবং আমি তাদের সেভাবেই জিহাদের কথা বলে যাচ্ছিলাম যেভাবে পাকিস্তানে বলতাম। সুবহানাল্লাহ! জিহাদের দাওয়াতে প্রতিবন্ধকতা সৃষ্টি! এ দাওয়াত তো দমিয়ে দেয়া সম্ভব নয়। কারণ এ দাওয়াতের পিছনে রয়েছে শহীদদের পবিত্র খুন। সূর্যের আলোকে যদি তোমরা রুখে দিতে পারো তবে রুখে দাও। কিন্তু জিহাদের দাওয়াতকে তোমরা রুখতে পারবে না। জিহাদের পথের দাঈদের তোমরা রুখতে পারবে না। তোমরা আমাকে বন্দী করে ছয় বছর আমার বন্দীত্বের উৎসব পালন করেছো। কিন্তু পরিশেষে তোমাদেরকে এ কথা বলতে হয়েছে যে, মুশরিক হেরে গেছে, মুসলমান জিতে গেছে।

না'রায়ে তাকবীর - আল্লাহু আকবার

দীন ইসলাম - জিন্দাবাদ।

আল জিহাদ - জিন্দাবাদ।

অত্যাচারের প্রতিশোধ

বাহওয়ালপুরের সম্মানিত মুসলিম ভাইয়েরা আমার! আমাদের পাশেই বসে থাকা আমাদের এই অত্যাচারী জালিম পরশি এমন কী অত্যাচার আছে যা তারা করেনি। সে কোন ধরনের কঠোরতা আছে যা তারা মুসলমানদের উপর চালায়নি? ঐ গরুপূজারী আর গরুর পেশাবভোগী হিন্দুগোষ্ঠী যাদের সহজেই ভারতের ক্ষমতা হাতে এসে গেছে ওরা ওদের নির্যাতন কেন্দ্রে যেসব মুসলমানকে বন্দী করে রেখেছে, ওহে মুসলমান ভায়েরা! আমাকে আল্লাহ পাক তাদের করুণ অবস্থার কথা তোমাদেরকে শুনানোর জন্যই তোমাদের কাছে প্রেরণ করেছেন। নিজেদের নরম বিছানায় যারা আরাম করে নিদ্রা যাও সে সব ভাইয়েরা শোন, তোমাদের ঐসব ভাইয়েরা যখন জেলের টর্চার সেলে মার খেয়ে অস্থির হয়ে পানি চাইতে থাকে তখন পানি না দিয়ে তাদের মুখের মধ্যে পেশাব করে দেয়া হয়।

হে আমার মুসলমান ভাইয়েরা! কোন সময় মুসলমান সম্প্রদায়ের মর্যাদার উপমা এই ছিলো যে, রুমের এক বাদশাহর দরবারে তথাকার একজন সামরিক জেনারেল একজন মুসলমান কয়েদী ঝলকে উঠলো এবং সেখান

থেকেই চিৎকার করে বলতে লাগলো, ওহে মুআবিয়া (রাযিঃ)! আপনি আমাদের আমীর, আমাদের খলীফা। কিন্তু আমাদের চেহারায় থাপ্পড় মারা হচ্ছে! সুতরাং হে মুআবিয়া (রাযিঃ)! কিয়ামতের দিনের জন্য আপনি জবাব প্রস্তুত করুন সেখানেই বসেছিলো হযরত মুআবিয়া (রাযিঃ)-এর একজন গোয়েন্দা। তার মাধ্যমে সাথে সাথে এ সংবাদ আমীরুল মুমিনীন হযরত মুয়াবিয়া (রাযিঃ)-এর কাছে পৌঁছে গেলো। এ সংবাদ শুনে হযরত আমীরুল মুমিনীন নিজের উপর ঘুম হারাম করে নিলেন, খাওয়া দাওয়া ছেড়ে দিলেন। কারণ তিনি ভাবলেন, আমি মুসলমানদের শাসক, আমি মুসলমানদের আমীর আর মুসলমানের চেহারায় থাপ্পড় মারা হচ্ছে। ঐ শক্তির কী মূল্য আছে যে শক্তি থাকার পরেও সম্মান সুরক্ষিত থাকে না।

এরপর আমীরুল মুমিনীন হযরত মুআবিয়া (রাযিঃ) নিজের সেনাপতিকে ডাকলেন এবং বলে দিলেন, এই আমার ধনভাণ্ডার রইলো, এই নাও তার চাবির ছড়া, যাও যত খরচ করার প্রয়োজন হয় করো। কিন্তু ঐ জেনারেল যে মুসলমানের চেহারায় থাপ্পড় মেরেছে তাকে কয়েকদিনের মধ্যে আমার দরবারে আমার সামনে উপস্থিত করো। যাতে ইসলামের মর্যাদা খাঁটো হতে না পারে। যাতে কোন মুশরিক একথা বলে গর্ব করতে না পারে যে, আমি মুসলমানের চেহারায় থাপ্পড় মেরেছি।"

কমান্ডার যুদ্ধ জাহাজ প্রস্তুত করলেন, হাদিয়া তোহফা সাথে নিলেন, নদীপথে তিনি তিনবার রোম সফর করলেন এবং পরিশেষে ঐ বেয়াদব জেনারেলকে ফাঁদে আটকে বন্দী করে জিঞ্জিরাবদ্ধ করে আমীরুল মুমিনীন হযরত মুআবিয়া (রাযিঃ)-এর সামনে তাঁর দরবারে এনে হাজির করলেন। তিনি ঐ বন্দী মুসলমানকে মুক্ত করালেন এবং তাকে দরবারে ডেকে এনে বললেন, তোমার সাথে বেয়াদবী প্রদর্শনকারী অপরাধী আজ তোমার সামনে উপস্থিত। তুমিও তার চেহারায় থাপ্পড় মেরে তার প্রতিশোধ গ্রহণ করো। সে মুসলমান দাঁড়িয়ে ঐ জেনারেলের গালে থাপ্পড় মারলো। বন্দী জেনারেলকে লক্ষ্য করে হযরত মুআবিয়া (রাযিঃ) বললেন, যাও! আমি তোমার জীবন ভিক্ষা দিলাম, কিন্তু রুমের বাদশাকে তুমি এ কথা বলে দিও। আমরা মুসলমান, আমরা আল্লাহপাকের প্রতি বিশ্বাসী ঈমানদার, আমরা

আল্লাহপাকের নাম স্মরণ করে থাকি। আমরা হযরত মুহাম্মদে আরাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কালেমা পড়ে থাকি। আমরা গোটা বিশ্বের মুসলমান একটি শরীরের মত। আমাদের সকলেরই যেন একটি প্রাণ, আমাদের শিরায় প্রবাহিত খুনও এক, আমাদের মতবাদ ও দর্শন এক। সুতরাং যদি কোন একজনের চেহারায় থাপ্পড় মারা হয়, তবে গোটা মুসলিম জাতি তোমাদের কাছ থেকে সে প্রতিশোধ গ্রহণের জন্য দাঁড়িয়ে যাবে।

না'রায়ে তাকবীর - আল্লাহু আকবার।

সাবীলুনা সাবীলুনা - আল জিহাদ, আল জিহাদ।

সাবীলুনা সাবীলুনা - আল জিহাদ আল জিহাদ।

আর কত ঘুমিয়ে থাকবে ?

আমীরুল মুমিনীন হযরত মুআবিয়া (রাযিঃ)-এর দরবারে একজন রুমী মুশরিকের গালে যখন থাপ্পড় লাগলো তখন রোম সম্রাটও নিজ দরবারে বসে কেঁপে উঠলো। মুসলিম ভাইয়েরা আমার! আজ আপনাদের যে সব সাথীরা গ্রেফতার হয়ে আছে তাদের চেহারায় শুধু একটি নয়, বরং হাজার হাজার থাপ্পড় মারা হচ্ছে।

হে আমার ঐ সকল বন্ধুরা যারা আমাদেরকে জিহাদের দাওয়াত থেকে বিরত থাকতে বলেন, এ কাজ তো আপনাদের ছিলো যে, আপনারা আপনাদের মুসলমান ভাইদের হেফাযত করবেন। এটা আপনাদের দায়িত্ব ছিলো যে, আপনারা প্রতিজন মুসলমানের মর্যাদা রক্ষা করার জন্য, মদীনার মুনিব হযরত মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর দ্বীনের হেফাযতের জন্য জীবন কোরবান করবেন।

ওহে দুনিয়ার ভীতু মানুষেরা! কতদিন আর দুনিয়াতে বেঁচে থাকতে পারবে ? কবরস্থানে তো প্রতিদিনই নতুন নতুন কবর তৈরি হচ্ছে। ওহে আপন ঘরে আরামের জীবন-যাপনকারী! কতদিন তোমরা দুনিয়ায় বেঁচে থাকবে? কবর স্থানতো প্রতি নিয়ত আবাদ হচ্ছে। আপন ঘরে নিরাপদ জীবন যাপনকারী ভায়েরা আমার! কতদিন তোমরা এভাবে নিরাপদে থাকতে পারবে? এক সময় এ নিরাপদ জীবনও হয়তো থাকবে না। দুনিয়ার মঙ্গল

চিন্তায় বিভোর থেকে যারা জিহাদের আহ্বানকে প্রত্যাখ্যান করছো, তারা আমার মত এক সাধারণ মুসলমানের দিকে তাকিয়ে দেখ! দীর্ঘ ছয় বছর পর্যন্ত দুশমনের কারাগারে বন্দী থাকার পর আজ আবার আমি জীবন্ত সহিসালেম অবস্থায় তোমাদের সামনে বসে আছি। এমন কোন অত্যাচার নির্যাতন নেই যা আমার উপর চালানো হয়নি। কিন্তু মহান আল্লাহ যখন কাউকে বাঁচাতে চান, মহান প্রভু যখন কাউকে মুক্ত করতে চান তখন কেউ তাকে মারতে পারে না, কেউ পারে না তাকে বন্দী করে রাখতে। আবার যখন আল্লাহ পাক কাউকে মারার ইচ্ছা করবেন, তখন কেউ তাঁকে বাঁচাতে পারে না। সুতরাং তোমরা কেন জিহাদ ছেড়ে দিবে? নিজের ঈমানের দাবী কেন পরিহার করবে? নিজের নীতি ও আর্দশকে কেন জলাঞ্জলি দিবে?

ওহে জালিম ইন্ডিয়া! তুমি আর কতদিন এভাবে অত্যাচার চালাতে থাকবে? জুলুমের নিশিতো এক সময় ভোরের আলোয়ে উদ্ভাসিত হবেই। তখন অত্যাচার স্বয়ং অত্যাচারকারীর দিকেই ফিরে যাবে।

ইন্ডিয়ার, কালোহাত - জিহাদ করে গুঁড়িয়ে দাও।

যুলুম চলবে যতদিন - জিহাদ চলবে ততদিন।

কাশ্মীরের জিহাদ যথাযথ, শরীয়তসম্মত

মহান আল্লাহ দয়া করে আমাকে আমার দেশে পৌঁছে দিয়েছেন। আমার ভাইদের কাছে, আমার বুযুর্গদের খেদমতে উপস্থিত করে দিয়েছেন। যার কারণে আজ করাচী থেকে খাইবার পর্যন্ত আনন্দের স্রোত বয়ে যাচ্ছে, আলহামদুলিল্লাহ। এটা আমার মুক্তির জন্য আনন্দ নয় বরং ইসলামের বিজয়ের আনন্দ আর কুফুরের পরাজয়ের আনন্দ। আমি কে ? আমি কেউ না, আমার মুক্তিতে আনন্দ নয় বরং আনন্দ হচ্ছে কাফিরগোষ্ঠী এখানে চরমভাবে পরাজিত হয়েছে সে জন্য।

ইন্ডিয়া শুনে রাখো! এখানে যেমনিভাবে তোমার চরম পরাজয় ঘটেছে, ইনশাআল্লাহ এভাবে কাশ্মীরেও তোমাকে চরমভাবে পরাজিত হতে হবে। কাশ্মীর জিহাদ নির্ভেজাল একটি শরীয়তসম্মত জিহাদ, একটি ঈমানী জিহাদ, এতে কোন সন্দেহ নেই। আজ কাশ্মীরে যে জিহাদী কর্মসূচী চলছে সে

ব্যাপারে আমাদের দৃষ্টিভঙ্গি সম্পূর্ণ পরিষ্কার। আর তা হলো, কাশ্মীর পাকিস্তানের অংশ। কাশ্মীরের মুসলমানগণ পাকিস্তানের সাথে যুক্ত হওয়ার জন্য অস্থিরভাবে তড়পাচ্ছে, কিন্তু ইন্ডিয়া প্রতিদিনই সেখানে সৈন্য সংখ্যা বৃদ্ধি করে চলছে।

ইতিহাস কিন্তু কাউকে ক্ষমা করে না

ওহে পাকিস্তানের মুসলমান ভায়েরা! কাশ্মীরীরা তোমাদের ভাই, তাদের প্রতি যেসব অত্যাচার ও নির্যাতন চালানো হচ্ছে বাস্তব কথা হচ্ছে, যদি আসমানও সে যুলুম নির্যাতন দেখতে পেতো তবে অশ্রু সংবরণ করতে পারতো না।

কয়েকদিন আগের কথা। আমি যখন জম্মু কারাগারে বন্দী ছিলাম তখন ইন্ডিয়ান আর্মিদের একটি বাহিনী রাজুড়ী এলাকায় একটি মুসলিম পরিবারের উপর আক্রমণ চালালো। সে পরিবারটির অপরাধ (?) ছিলো তাদের ঘরে যখন কোন মুজাহিদ আসতো তারা তাঁকে খানা খাওয়াতো। ইন্ডিয়ান আর্মির জালিম সৈন্যরা সে পরিবারের উপর গুলি চালাতে লাগলো। গুলি করে একে একে সে পরিবারের সবাইকে তারা শহীদ করে দিলো। শহীদদের মাঝে একজন অন্তঃসত্ত্বা মহিলা ছিলো! ঐ হিংস্র জালিমগুলো সে মহিলার পেট চিরে বাচ্চাটি বের করে এনে জবাই করে দিলো।

ওহে মুসলমান ভায়েরা! ইসলাম কি এতটাই অধঃপতিত হয়ে গেছে? আজ ইসলামের মর্যাদা কি এতটাই নিঃশেষ হয়ে গেছে যে, উম্মতে মুহাম্মাদীর সদস্যদের দুনিয়ায় ভুমিষ্ঠ হওয়ার পূর্বেই তাদেরকে মৃত্যুর পরওয়ানা দিয়ে দেয়া হয়?

বিগত সময়ে যেদিন পর্যন্ত জিহাদ ছিলো, সেদিন পর্যন্ত আমাদের জীবন নিরাপদ ছিলো, আমাদের ইযযতও সুরক্ষিত ছিলো। আজ অন্তঃসত্তা মায়ের পেট চিরা হচ্ছে শুধু আমাদের কাপুরুষতার কারণে, আমাদের অলসতা ও দুর্বলতার কারণে।

ওহে সিন্দুক বোঝাইয়ে লিপ্ত ধনাঢ্য ব্যক্তিরা! তোমরা আর কতদিন পর্যন্ত এভাবে নোট গুনে পাগল হতে থাকবে? বলো, ঐ নোট তোমাদেরে কি

দিয়েছে ? আর সে নোট মুসলমানদেরই বা কি দিয়েছে ?

নিরাপত্তার দোহাই দিয়ে যারা কথা বলে তাদেরে বলছি, আমাদের উপর তো প্রতিদিন যুদ্ধ চাপিয়ে দেয়া হচ্ছে। আমাদের এ প্রিয় মাতৃভূমি। আমাদের এ পবিত্র দেশের বিরুদ্ধে অতীতেও অনেক ষড়যন্ত্র হয়েছে, আজো ষড়যন্ত্র চলছে, আজো 'র'-এর গোপন তথ্য বইয়ে লেখা আছে-"আমরা পাকিস্তানকে ছিনিয়ে নিবো, আমরা পাকিস্তানকে ধ্বংস করে দিবো।" হে আমার মুসলমান ভাইয়েরা! মুনাফেকী থেকে তাওবা কর। যদি তাওবা করে ফিরে আসতে ব্যর্থ হও তবে মনে রেখো ইতিহাস কিন্তু কাউকে ক্ষমা করে না।

না'রায়ে তাকবীর - আল্লাহু আকবার।

সাবীলুনা সাবীলুনা - আল জিহাদ আল জিহাদ।

দেশ রক্ষা করা ফরয

আমি মৌলিক দুটি কথা বলছি এবং অত্যন্ত পরিষ্কার ভাষায় বলছি, এদেশ রক্ষা করা আমাদের উপর ফরয। কাশ্মীর উদ্ধার করা আমাদের উপর ফরয। ওহে আমার মুসলিম ভায়েরা! যে ভূমিতে আযান হয় সেখানে কাফির মুশরিকদের শাসন প্রতিষ্ঠা করার কোন অধিকার নেই। কশ্মিনকালেও তাদেরকে সে সুযোগ দেয়া যায় না।

আমাদের একজন বুযুর্গ স্বপ্ন দেখেছেন, পাকিস্তানের একটি বিপর্যয়ের মুহূর্তে প্রিয়নবী হযরত সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কাঁদছেন। বুঝা গেলো পাকিস্তান মুসলিম রাষ্ট্র হওয়ার কারণে এর প্রতি স্বয়ং প্রিয়নবী হযরত সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর বিশেষ নযর রয়েছে, এর বিপর্যয়ে তিনিও মনে ব্যথা অনুভব করেন।

ওহে পাকিস্তানের বাসিন্দা ভায়েরা আমার! পাকিস্তানে থাকাকালীন অবস্থায় তোমাদের পাকিস্তানের মূল্য বুঝে আসছে না। যদি তোমরা কেউ কখনো ইন্ডিয়ার কোন কারাগারে যাও তখন পাকিস্তান তোমাদের কাছে একটি পবিত্র জান্নাত বলে মনে হবে। যেখানে ইসলাম আছে, যেখানে দ্বীন আছে, যেখানে জিহাদ আছে, যেখানে আত্মমর্যাদাবোধ আছে, যেখানে পরস্পরের প্রতি

হৃদ্যতা আছে। কিছু লোক খারাপ হয়ে গেলে সে কারণে পুরো দেশটাই খারাপ হয়ে যায় না। মদীনার মত পবিত্র শহরেও আবদুল্লাহ ইবনে উবাই-এর মত মুনাফিক ছিলো।

ওহে হিন্দু সম্প্রদায় শুনে রাখো! পাকিস্তান একটি মসজিদ, আর এ মসজিদের সংরক্ষণের জন্য আমরা আমাদের জীবন কোরবান করে দিতেও সামান্য কুণ্ঠাবোধ করবো না।

নারায়ে তাকবীর - আল্লাহু আকবার।

সাবীলুনা সাবীলুনা - আল জিহাদ আল জিহাদ।

ভাই, দয়া করে কেউ আমার ছবি তুলবেন না। বলতেছিলাম যদি আমাদের দেশের দিকে কেউ বক্র দৃষ্টিতে তাকায়, আমাদের দেশকে যদি কেউ কোপ দৃষ্টির লক্ষ্যস্থল বানায় তাদের প্রতি আমার বক্তব্য হচ্ছে, এমনটি করা হলে তাদের চোখ উপড়ে ফেলা হবে ইনশাআল্লাহ।

ওহে আমার পবিত্র মাতৃভূমি! এবার তোমাকে পূর্ণাঙ্গ সাজে সজ্জিত হতে হবে, এবার তোমাকে পূর্ণতা লাভ করতে হবে ইনশাআল্লাহ।

আজ খাইবার থেকে করাচী পর্যন্ত সৌদী আরব থেকে নিয়ে আমেরিকা পর্যন্ত আনন্দের স্রোত বয়ে যাচ্ছে। যেহেতু একজন মুসলমান মুক্তি লাভ করেছে। যখন কাশ্মীরের এক কোটি মুসলমান মুক্তি লাভ করবে তখন কী পরিমাণ আনন্দের স্রোত বইবে ? আর সে খুশি ইনশাআল্লাহ অবশ্যই আমরা দেখতে পাবো।

ওহে ইন্ডিয়া! তুমি আমাদের পার্শ্ববর্তী রাষ্ট্র, আমরা চাই তুমি নিরাপদে থাক, কিন্তু সে জন্য তোমাকেও সন্ত্রাস পরিহার করতে হবে। কাশ্মীরে তোমরা যা করছো তাও নিঃসন্দেহে একটি রাষ্ট্রীয় সন্ত্রাস। তা যদি তুমি বন্ধ করতে না পার তবে আমাদের সামনে আর কখনো এরূপ মায়াকান্না করতে আসবে না যে, সন্ত্রাসের উত্থান হয়ে গেছে, সন্ত্রাস ব্যাপকতা লাভ করেছে। মনে রাখবে, আমরা ইটের জবাব পাথর দিয়ে দেয়ার জাতি।

আমার কাছে ভারতীয় শাসকগোষ্ঠীর প্রতিনিধিরা এসে বলেছে, বলে দাও কাশ্মীর সমস্যার সমাধান কিভাবে দিবো? আমরা সেখানে রাস্তা-ঘাট তৈরি

করে দিবো। আমরা সেখানে কলেজ-ইউনিভার্সিটি তৈরী করে দিবো। সেখানে আমরা নদী-খাল খনন করে নৌবন্দর বানিয়ে দিবো। আমরা সেখানে কারেন্ট সাপ্লাইয়ের ব্যবস্থা করবো। তার জবাবে আমরা বলেছি, আমরা মুসলিম জাতি, ভিক্ষুকের জাতি নই। এসব কথা দ্বারা তোমরা নর্তকীদের রাযী করতে পারবে কিন্তু আমরা মুসলিম জাতি, আমাদের কাছে মাল-সম্পদ ময়লা-আবর্জনার মত বস্তু। আমরা সেই জাতি যারা অত্যাচারিত হলে প্রতিশোধ গ্রহণ না করে স্থির হয় না। আমাদের যেসব খুন ঝরানো হয় আমরা তার প্রতিটি ফোঁটার বদলা নিয়ে থাকি। আমাদের যে ইযযত ও মর্যাদা আমাদের থেকে ছিনিয়ে নেয়া হয় আমরা তার প্রতিশোধে পুরো বিশ্বকে ছিনিয়ে নিয়ে তাদের বেইজ্জত করতে জানি। আমাদেরকে ইযযত সম্মান নিয়ে থাকতে দাও। তাহলে আমরাও তোমাদেরকে ইযযত সম্মান দেখাবো। আমাদেরকে নিরাপদে থাকতে দাও! আমরাও তোমাদেরকে নিরাপত্তা দিবো। কিন্তু আমাদের দিকে যদি কোন বক্র দৃষ্টিতে তাকানো হয় আর যদি মনে করা হয় যে, রাস্তা বানিয়ে দিলেই সব চুকে যাবে, তবে জেনে রাখো! তাহলে তোমরা আহম্মকদের স্বর্গে বাস করছো।

না'রায়ে তাকবীর - আল্লাহু আকবার।

সাবীলুনা সাবীলুনা - আল জিহাদ আল জিহাদ।

ইন্ডিয়ান সন্ত্রাসের জবাব

হে আমার মুসলমান ভায়েরা! আমি এবার আমার শেষ কথা বলছি। লক্ষ্য করে শুনে রাখুন! ঐ সকল লোক যাদের দায়িত্ব আমার কথা নোট করে উপর মহলে পৌঁছে দেয়া তাদেরকেও বলছি, আপনারাও মুসলমান। এ কুরআন শুধু আমার জন্য নয় আপনাদের জন্যও এ পবিত্র কুরআন এসেছে। শুধু আমাকেই কবরে যেতে হবে না বরং আপনাদেরকেও কবরে যেতে হবে। আমি যদি ছয় বছর পর্যন্ত আমার বৃদ্ধ পিতা-মাতাকে ছেড়ে যেতে পারি তাহলে আমার উপর যে ফরয বর্তায় তা আপনাদের উপরও অবশ্যই বর্তায়-এ জন্য অবশ্যই লিখুন খুব ভালভাবে লিখুন।

আমি যে কথা বলছিলাম এবং আমি নিজেকেও বলছি, ওহে মুসলমান ভায়েরা! জিহাদ করা ফরয। আর বর্তমানে কাশ্মীরে ইন্ডিয়ান বাহিনী প্রবেশ করার পর পাকিস্তানের মুসলমানদের উপর জিহাদ ফরয হয়ে গেছে, যেহেতু কাশ্মীর পাকিস্তানের অংশ। যে ব্যক্তি জিহাদ ফরয হওয়ার পরও জিহাদ করবে না, কিংবা মুজাহিদদেরকে সহযোগিতা করবে না, আল্লাহপাক মরার পূর্বে তাকে কোন ভয়াবহ বিপদে লিপ্ত করে দিবেন। এটা আমার মুনিব হযরত মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ভবিষ্যদ্বানী। সহীহ মুসলিম শরীফের হাদীসে বর্ণিত হয়েছে, যে ব্যক্তি জিহাদ ফরয হওয়ার পরও জিহাদ করবে না সে মুনাফেকীর একটি শাখার উপরে থেকে ইন্তিকাল করবে। হাদীসের কিতাব খুলে দেখুন, তার মধ্যে এ হাদীস বর্ণিত রয়েছে। আমার মুনিবের ফরমান সেখানে লিখা আছে। মুসলমান ভায়েরা আমার! কবর খনন করা হয়ে গেছে, মরার সময় নির্ধারিত রয়েছে। আজ এ বিশাল সমাবেশে যে বিপুল পরিমাণ লোক বসা আছে, হতে পারে আগামীকাল সকলেই হয়তো কোন কবরস্থানের বাসিন্দা হয়ে যাবে, এখানে আবার অন্য লোক বসবে। সব কিছুই শেষ হয়ে যাবে। আমি তোমাদেরে বলছি, মহান আল্লাহর সন্তুষ্টি অর্জন করার চেষ্টা কর। মযলূম মুসলমানদের সাহায্য কর। জিহাদের জন্য নিজের পকেট খোলো, নিজের ঈমান ও নিজের দিলকে জিহাদের জন্য খুলে দাও।

ওহে নওজোয়ানবৃন্দ! অস্ত্র-সজ্জিত হয়ে যাও। আর ইন্ডিয়াকে বলে দাও! যদি তুমি সন্ত্রাস অব্যাহত রাখো তাহলে জেনে রাখো, আমরা তোমাদের সন্ত্রাসী তৎপরতাকে ভেংগে খান খান করে দিতে জানি।

না'রায়ে তাকবীর- আল্লাহু আকবার।

মাওলানা মাসঊদ আযাহার - জিন্দাবাদ জিন্দাবাদ।

মরণে আবার কিসের ভয়?

আমি বন্দী হওয়ার পর বাহির থেকে আমাকে মুক্ত করার চেষ্টা হয়েছে অনেক বার। যখনই আমার মুক্তির চেষ্টা হয়েছে তখন ভিতর থেকে আমাকে বলা হতো, ভাই! আপনার জীবনের ব্যাপারে চরম আশঙ্কা রয়েছে। আমি জবাব দিয়েছি, আমার জীবনের তো কোনই আশঙ্কা নেই। কারণ এ জীবন

যিনি দান করেছেন তা তার কাছেই তো ফিরে যাবে। মনে রেখো, যে মউতকে তোমরা সবচাইতে বড় শাস্তি বলে মনে করে থাকো, সে মউত তো আমাদের কাছে সবচাইতে বড় সৌভাগ্যের বিষয়।

আমাকে আরো বলা হলো, বিমান ছিনতাই হয়েছে এ কারণে আপনার উপর কোন বিপদ আসতে পারে। আমি বললাম, যদি বাইরে বিমান ছিনতাই হওয়ার কারণে তোমরা কারাগারে আমাকে শহীদ করে দাও, তবে আমি ঐ বিমান ছিনতাইকারীদের শুকরিয়া আদায় করবো। এ জন্য যে, তারা আমাকে আমার প্রভুর দরবারে পৌঁছে যাওয়ার পথ সুগম করে দিয়েছে। তোমরা আমাদেরকে মরণের ভয় দেখাও, মরণ তো আল্লাহ পাকের দরবারে উপস্থিতির নাম। তোমরা জানো না, আমরা দিনে কতবার সিজদার মাধ্যমে আল্লাহ পাকের দরবারে উপস্থিত হই। যে মহান প্রতিপালককে আমরা সিজদা করি সেই প্রতিপালকের কাছে যেতে আমরা ভয় পাবো ? তোমরা যাকে একবার সালাম করো তার কাছে যেতে আর ভয় পাও না। আর আমরা তো প্রতি মুহূর্তে কখনো রুকু করে আমাদের প্রভুর দরবারে যাই, আবার কখনো সিজদা করে তাঁর সামনে হাযির হই। সুতরাং আমরা তার কাছে হাজির হতে কেন ভয় পাবো? আমরা তো দিন রাত আমাদের প্রভুর দরবারে এই বলে অনুনয়-বিনয়ভরে ফরিয়াদ করে থাকি যে, আয় আমাদের মালিক! আপনি দয়া করে আমাদের জীবন আপনার রাহে কবুল করে নিন।

যারা আমাদেরকে মউতের ভয় দেখাও, শুনে রাখো! আমাদের যখন মরণ আসে তা আমাদের মরণ হয় না বরং সেটা হয় আমাদের নতুন জীবন। যখন আমাদের কেউ শহীদ হয়ে দুনিয়া থেকে বিদায় গ্রহণ করে তখন তাকে নিয়ে আসমানে সমাবেশের আয়োজন করা হয় এবং সেখানে বিবাহের মত আনন্দ উৎসব হতে থাকে। বেহেশতী হুরেরা নেমে আসে, তারা প্রথম আসমানে এসে বসে থাকে আর অধীর আগ্রহে শহীদকে দেখতে থাকে এবং অস্থির হয়ে অপেক্ষা করতে থাকে সে কখন আসমানে গিয়ে পৌঁছুবে। আসমান থেকে মূল্যবান পোশাক আনা হয়, উন্নত খুশবু আনা হয়। সে মউত যদি আমাদের ভাগ্যে জুটে যায় তবে তার চাইতে সৌভাগ্যের বিষয় আর কী হতে পারে!

জিহাদের ডাক

ওহে নওজোয়ান যুব সমাজ! শাহাদাতের মউতের চাইতে বড় নেয়ামত আর কিছু নেই। এ জন্য আজকের সমাবেশে উপস্থিত সকল মুসলমান ভাইদের মহান আল্লাহকে হাযির-নাযির মনে করে জিহাদের দাওয়াত দিচ্ছি। সম্মান, মর্যাদা ও মাথা উঁচু করে দাঁড়াবার পথে আহ্বান করছি। আমি আপনাদের সে পথের দাওয়াত দিচ্ছি যে পথের দাওয়াত মহান আল্লাহ আসমান থেকে সাড়ে চারশত আয়াতের মধ্যে দিয়েছেন। সে পথের প্রতি আহ্বান করছি যে পথে স্বয়ং মদীনার মুনীব হযরত রাসূলে মাকবুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সীমাহীন কষ্ট-ক্লেশ ও নির্যাতন বরদাশ্‌ত করেছেন। আমি আপনাদের সে পথের দাওয়াত দিচ্ছি যে পথে জান্নাত লাভ হয়, যে পথে সুখ-শান্তি অর্জিত হয়, যে পথে প্রশান্তি লাভ হয়। যে পথের দ্বারা মানুষ গোলামীর জিঞ্জির ছিঁড়ে টুকরো টুকরো করে দিতে পারে।

হে বাহওয়ালপুরবাসী ভায়েরা আমার! তোমরা বলো, তোমরা জিহাদ করবে কি না? সকলে সমস্বরে জবাব দিলো, আমরা জিহাদ করবো ইনশাআল্লাহ।

ভায়েরা আমার! তোমরা ইন্ডিয়ার সাথে লড়াই করবে কি না ? সকলে সম্মিলিত কণ্ঠে জবাব দিলো, অবশ্যই লড়বো ইনশাআল্লাহ।

উপস্থিত অন্য লোকদের অভিপ্রায় কি তারা কি এ জিহাদের ডাকে ঝাঁপিয়ে পড়তে রাজি নয় ? তখন গগনবিদারী শ্লোগান উঠলো।

লাব্বাইক লাব্বাইক - আল্লাহুম্মা লাব্বাইক

সাবীলুনা সাবীলুনা - আল-জিহাদ আল-জিহাদ !!

গোলামীর অবসান ও আল্লাহর বিধান প্রতিষ্ঠা

ভায়েরা! তোমরা যদি জিহাদ করতে না যাও তবে দেখবে হঠাৎ এক সময় কারো পক্ষ থেকে কোন রকেট লাঞ্চার এসে তোমাদের প্রতি আঘাত হেনেছে। পক্ষান্তরে তোমরা যদি জিহাদ করতে যাও তবে কারো রকেট তোমাদেরকে আক্রমণের লক্ষ্যস্থল বানানোর সুযোগ পাবে না, ইনশাআল্লাহ। তোমরা জিহাদ করতে না যাওয়ার কারণে আজ ইন্ডিয়া পাকিস্তানকে গ্রাস

করার পরিকল্পনা করে বসে আছে। পক্ষান্তরে তোমরা যদি জিহাদের ময়দানে অবতীর্ণ হয়ে যাও দেশ রক্ষার জিহাদে দৃঢ় সংকল্প হও তবে ইন্ডিয়া শুধু কাশ্মীর কেন বরং ইন্ডিয়ার অর্ধেক ছেড়ে দিতেও প্রস্তুত হয়ে যাবে। কারণ মালাউনদের কাছে তাদের জীবন খুব প্রিয়। পক্ষান্তরে মুসলমানদের কাছে সবচাইতে অধিক প্রিয় হয় তাদের ঈমান।

সুতরাং ভায়েরা আমার! তোমরা কি জিহাদের জন্য প্রস্তুত আছো? সকলে সমস্বরে জবাব দিলো -ইনশাআল্লাহ প্রস্তুত আছি!

ভায়েরা আমার! তোমরা কি কাশ্মীর যাওয়ার জন্য প্রস্তুত আছো? সকলে সম্মিলিতকণ্ঠে জবাব দিলো, ইনশাআল্লাহ প্রস্তুত আছি। তোমরা রোযা অবস্থায় আছো, এ অবস্থায় তোমরা মিথ্যা কথা তো বলছো না ? আল্লাহ পাককে ধোঁকা তো দিচ্ছো না ? সকলে জবাব দিলো-জি না।

আজ এ কথা বলে আগামীকাল তো আবার মরণকে ভয় করবে না ? সকলের জবাব-জি না।

গুলিকে তো ভয় পাবে না ? সকলের জবাব, জি না। ডান্ডাবেড়ী আর হাতকড়াকে তো ভয় পাবে না? সকলে জবাব দিলো-জি না। কাপুরুষতা তো প্রকাশ করবে না, উপস্থিত সকলে জবাব দিলো-জি না। কোন মালাউনকে তো পিঠ দেখাবে না, সকলের জবাব-জি না।

যখন তোমরা রক্ত দিতে ভয় করবে না তখন মহান আল্লাহ তোমাদের রক্তের মধ্যে মেশকে আম্বরের ঘ্রাণ তৈরি করে দিবেন এবং সে সুঘ্রাণ যেখানে যেখানে পৌঁছে যাবে সেসব স্থান থেকে গোলামীর বন্ধন ভেংগে খান খান হয়ে যাবে এবং সেখানে প্রতিষ্ঠিত হবে পবিত্র কুরআনের বিধান .

-০-

তোরা সব রণ সাজে সাজ

শহীদী রক্তে রাঙ্গা
ইসলামে আজ মাখতে কালি,
ইসলামের ঝান্ডাবাহী
বীর সেনাদের দিচ্ছে গালি।
জালিমের রক্ত চোখে
ঐ চেয়ে দেখ বান ডেকেছে,
জাহিলের সাংগরা আজ,
ময়দানেতে ফের নেমেছে।
ইয়াহুদ আর নাসারাদের
দেখ দালালীর ধুম পড়েছে,
ইসলামের প্রহরীরা তবে
আজও কেন ঘুম পড়েছে।
এখনো ঘুমিয়ে কেন
সিংহশাবক জাগবি কবে ?
মাথাকে হেড করে তুই
আর কতকাল থাকবি ভবে ?
বীরবর হাঁক ছেড়ে তুই
বীর কেশরী উঠ না জেগে,
দেখবি পরগাছা সব
তোর হাঁকেতে যাচ্ছে ভেগে।
লাখ লাখ বীর মুজাহিদ

তোর পিছনে বাঁধবে সারি,
কালিমা বক্ষে লয়ে
দুর্গম পথে ধরবে পাড়ি।
চেয়ে দেখ পুব আকাশে
দ্বীন ইসলামের রাঙ্গা রবি,
ঐ দেখ বিশ্বজুড়ে
আল মদীনার জ্যান্ত ছবি।
সে ছবি সামনে তোদের
ঘুঁচবে ম্লান হয়ে আজ,
ইসলাম বাঁচাতে পুণঃ
তাই তোরা সব রণ সাজে সাজ।

মাকতাবাতুল আশরাফ

কর্তৃক প্রকাশিত কয়েকটি উল্লেখযোগ্য বই

আশরাফ চরিত
খাজা আযীযুল হাসান মাজযূব (রহঃ)
মূল্য ঃ ৩০০.০০ টাকা মাত্র

তাযকিরাতুল আখেরাহ্
প্রফেসর মুহাম্মাদ হামীদুর রহমান
মূল্য ঃ ২০০.০০ টাকা মাত্র

বিজ্ঞানের আলোকে **কুরআনের অলৌকিকতা**
ইঞ্জিনিয়ার শেখ মুহাম্মাদ আব্দুল হাই
মূল্য ঃ ২২০.০০ টাকা মাত্র

ইসলাম ও আধুনিকতা
মাওলানা মুফতী মুহাম্মাদ তাকী উসমানী
মূল্য ঃ ৭০.০০ টাকা মাত্র

আখেরাতের পাথেয় (মাওয়ায়েযে আবরার-১)
মুহিউস্ সুন্নাহ হযরত মাওলানা শাহ্ আবরারুল হক ছাহেব
মূল্য ঃ ১০০.০০ টাকা মাত্র

কুরআনের আলোকে **দাওয়াত ও তাবলীগের মূলনীতি**
মাওলানা ক্বারী মুহাম্মাদ তাইয়্যেব (রহঃ)
মূল্য ঃ ৭০.০০ টাকা মাত্র

হৃদয়ের আলো
শাইখ বদিউয যামান সাঈদ নূরসী (রহঃ)
মূল্য ঃ ৭০.০০ টাকা মাত্র

আল্লাহ ওয়ালা
মুফতী মুহাম্মাদ শফী (রহঃ)
মূল্য ঃ ৭০.০০ টাকা মাত্র

আপনার সংগ্রহে রাখার মত
জিহাদ বিষয়ক কয়েকটি মূল্যবান গ্রন্থ

মাকতাবাতুল আশরাফ

(অভিজাত মুদ্রণ ও প্রকাশনা প্রতিষ্ঠান)

পাঠকবন্ধু মার্কেট (আন্ডার গ্রাউন্ড)

৫০ বাংলাবাজার, ঢাকা-১১০০

ফোন : ৭১৬৪৫২৭, ০১৭১-১৪১৭৬৪